



লহর

সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক পত্রিকা

২য় বর্ষ

১ম সংখ্যা

২৪ শে সেপ্টেম্বর, ২০২৪


বুনিয়াদপুর মহাবিদ্যালয় এবং সন্ধ্যা-প্রদীপ সাহিত্য পত্রিকার
চৌথ সম্পাদনায়



সম্পাদনা

কানাই হালদার (সম্পাদক, 'সন্ধ্যা-প্রদীপ' সাহিত্য পত্রিকা)

ড. রমাতোষ সরকার, ড. শান্তিগোপাল দাস, ড. তনিমা দত্ত



বুনিয়াদপুর মহাবিদ্যালয় এবং 'সন্ধ্যা-প্রদীপ' সাহিত্য পত্রিকা,
বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর




মুখ্য উপদেষ্টা

ড. জীতেশ চন্দ্র চাকী, অধ্যক্ষ, বুনিয়াদপুর মহাবিদ্যালয়
অধ্যাপক ড. সৌরেন বন্দ্যোপাধ্যায়, উপাচার্য, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়



প্রকাশকাল - 24th September 2024

প্রফ সংশোধন - কানাই হালদার,
মিলন সরকার,
নূপুর দাস,



সম্পাদকীয়

বাতাসের মধ্যে ছড়িয়ে পড়েছে শিউলির ঘ্রাণ। চারিদিকে উৎসবের মেজাজ। নদীর ধারে কাশফুলের মাঝে বকেদের লুকোচুরি। দূরে নীল আকাশে পেজো তুলোর মতো ভেসে চলা মেঘ আমাদের মনে করিয়ে দেয় শরৎকালের আগমন বার্তা। কুমোরটুলিও ব্যস্তমুখর, মাঝে মাঝে শোনা যায় ঢাকের আওয়াজ। আর এই আবহে বাঙালির শ্রেষ্ঠ উৎসব দুর্গাপূজোর আগমন।

বিভিন্ন সামাজিক প্রতিকূলতা সত্ত্বেও বর্তমান সময়কে উৎসাহ-উদ্দীপনায় অর্থবহ করার লক্ষ্যে সম্মিলিত এই আয়োজন। অশুভ শক্তির অন্ধকার ঘুচিয়ে আশা-আকাঙ্ক্ষার ক্ষুদ্র আলোকবর্তিকাটিকে জ্বালিয়ে রাখুক আমাদের এই 'লহর'। আলোয় আলোকিত হোক সমাজ। মানুষে মানুষে বিভেদ, হানাহানি, ঘৃণা দূরীভূত হয়ে ভালোবাসার রংধনু ছড়িয়ে পড়ুক মনে-প্রাণে।

বুনিয়াদপুর মহাবিদ্যালয় থেকে 'লহর' এর দ্বিতীয় বর্ষের প্রথম সংখ্যাটি যৌথভাবে 'সন্ধ্যা-প্রদীপ' সাহিত্য পত্রিকার সম্পাদনায় ই-ম্যাগাজিনে প্রকাশ করা হল। এই সংখ্যায় বুনিয়াদপুর মহাবিদ্যালয়ের অধ্যাপক, অধ্যাপিকা সহ বর্তমান এবং প্রাক্তন ছাত্র-ছাত্রীদের লেখনী স্থান পেয়েছে। 'সন্ধ্যা-প্রদীপ' সাহিত্য পত্রিকার লেখকদেরও নানা স্বাদের লেখনীতে পত্রিকাটি সমৃদ্ধ লাভ করেছে।

নমস্কারান্তে

কানাই হালদার

সম্পাদক

সন্ধ্যা-প্রদীপ সাহিত্য পত্রিকা



সূচীপত্র

Bridging Language Gaps in the NCC: The Role of Transliteration and Inclusivity.....	6
- Dr. Tanima Dutta.....	6
বাবার সন্ধানে	13
ড. রমাতোষ সরকার.....	13
Importance of women Education	36
Bipasha Rajbanshi	36
বিবেক	37
স.রহমান.....	37
ভাবনা	38
কানাই হালদার.....	38
গ্রহণ	39
দ্বীপ রায়.....	39
নতুনের বার্তা	41
নূপুর দাস.....	41
সমাজ চিত্র	42
লক্ষ্মী সরকার.....	42
প্রয়োজন	43
শুভঙ্কর প্রামানিক (রঙ্গন)	43
ইচ্ছেঘুড়ি	44
-শর্মিষ্ঠা রায় (কবি)	44
নতুন শিক্ষানীতি ২০২০: শিক্ষার নবজাগরণ.....	45
কৃষ্ণা শিকদার	45
আমার মা	46
পিন্টু কর্মকার.....	46
একাকিত্ব.....	47
তুহিন বল্লভ.....	47

ভাবনার ক্রটি.....	49
নুরজাহান খাতুন.....	49
যদি হারিয়ে যাই.....	50
রুনা লায়লা.....	50
দৃঢ় প্রত্যয়.....	51
উদয় পদ বর্মণ (কবি).....	51
জোনাকি.....	52
কৌশিক সরকার.....	52
আশ্বাস.....	53
প্রিয়া বসাক.....	53
ORANGE VALLEY.....	54
- Sahana Subnam.....	54
গাহি তোমারি জয়গান.....	55
অশ্রুকণা দাস (কবি).....	55
তবুও মানুষ বদলায়!.....	56
সিটু শেখ.....	56
গলি থেকে রাজপথ---- কলকাতার কথকতা.....	58
সুরজিৎ কুন্ডু.....	58
রাতুলের কণ্ঠ.....	63
গজেন মন্ডল.....	63
রবির আলো.....	73
মহুয়া মিত্র.....	73
BOOK REVIEW.....	80
Kunal Roy.....	80

Bridging Language Gaps in the NCC: The Role of Transliteration and Inclusivity

- Dr. Tanima Dutta

Assistant Professor, Department of English, Buniadpur Mahavidyalaya

When comes the question of writing in a specific language in multilingual India, a litterateur enjoys comparatively more liberty because the general readers are also at their full freedom of choice in respect of reading and responding. Since the time of the British arrival in India, a vogue of high adaptability of writing in English by Indian writers became popularised due to the English education provided by the Christian missionaries and British Government in the nineteenth and twentieth centuries. English has also survived its dead-end even after the British empire lost its control on India. Many of the writers overcame the moral dilemma of writing in a colonial language by not only presenting a counter-hegemonic discourse in respect of theme, in the mode of cultural resistance, but also creating a distinct type of ‘lingua franca’ with an indigenous touch of lingo, idiom, and terminology, both with local and global touch. The Indian writers are much more confident now, for they have been successful in nativising the English language. The explanation provided mainly highlights why certain small grammatical corrections were made without altering the style and tone significantly. We heard the bilingual poet of India Kamala Das in her iconoclastic poem “An Introduction” claiming:

“The language I speak Becomes mine [...]

...It is half English, half

Indian, funny perhaps, but it is honest” (5).

Similarly, a reader enjoys complete freedom in choosing which books to read. S/he is not obligated to read a book written in a language unfamiliar to her/him, nor is s/he under any compulsion to engage with any specific work. However, if s/he does choose to read, s/he actively interprets and derives personal meaning from the text. In this way, the

reader holds the most democratic form of power, the freedom to approach, analyse, and exploit a literary work in their own unique way. Therefore, the communication between writer and reader is fluid, open to interpretation, and never fixed or absolute.

When it comes to the question of communication in specific languages within academic institutions, particularly in provincial areas of India, students, engaged in general academic studies, often have the option to read and write in vernacular languages. This flexibility is especially evident in the context of higher education, where recent curriculum changes have enhanced student choice. With the implementation of the National Education Policy (NEP) 2020 in academic institutions, students have even greater autonomy in selecting their mode of study. For instance, whether a student is pursuing a core/Major paper, a general elective paper, or the Modern Indian Languages (MIL) / Ability Enhancement Compulsory (AECC) or Skill Enhancement Course (SEC) papers/ Value-added Course (VAC), or Interdisciplinary/Multidisciplinary Course (IDC/MDC) papers and so on, they are not only entitled to choose their subjects freely but can also opt for the language in which they feel most comfortable, including their native or regional languages. This means that, in almost all cases (with fewer exceptions like language groups at times), students have the right to use vernacular languages for writing in examinations, a significant advantage for those who may find it challenging to express themselves fluently in English or other more commonly used academic languages. This promotes inclusivity and encourages greater participation by ensuring that linguistic barriers do not limit students' academic performance.

While academic policies in India have evolved to accommodate diverse linguistic preferences, particularly in provincial institutions, making higher education more accessible, the situation becomes more complex when it comes to the National Cadet Corps (NCC). The NCC, a voluntary youth wing of the Indian tri-services (Army, Navy, and Air Force), recruits cadets from high schools, colleges, and universities to instil the values of unity, discipline, and patriotism. However, the

emphasis on unity across diverse linguistic backgrounds often creates challenges, especially for cadets from rural areas where the regional language differs from the primary languages used in training.

The language barrier becomes a genuine issue for these cadets, as many of the Permanent Instructional Staff (PI Staff) in NCC battalions communicate predominantly in Hindi or English. This poses a problem for cadets from non-Hindi-speaking backgrounds, particularly in provincial institutions of states like West Bengal where the cadet may be more comfortable in their native or vernacular language like Bengali. While the goal of promoting national unity is central to the NCC's mission, it inadvertently highlights the linguistic divide that exists within the country.

Interestingly, despite these challenges, cadets, including those who do not speak Hindi as their first language, generally manage to follow verbal Hindi commands effectively. This is because NCC cadets are rigorously trained in these commands during drills, parades, and field exercises. The repetitive nature of the training ensures that cadets, regardless of their linguistic background, become familiar with key commands and military terminology. Yet, this solution is not without its limitations. While cadets may understand commands during drills, communication beyond these standardised instructions, such as during theoretical lessons or detailed briefings, can still be a challenge for non-Hindi speakers.

Thus, while the practical aspects of NCC training may bridge the linguistic gap to some extent, it remains clear that regional language differences can create hurdles in fully realising the NCC's mission of maintaining unity. Finding a balance between promoting a specific language for uniformity and respecting regional languages for inclusivity is an ongoing challenge that needs further consideration in the structure of NCC training programmes.

This elaborates on the inherent tension within the NCC between promoting national unity and navigating linguistic diversity, particularly for cadets from rural, non-Hindi-speaking regions. Taking

the case of West Bengal, where Hindi is not a mandatory subject in government or government-aided schools, the situation can be explained. Despite not being formally taught, many Bengalis, even those who cannot read or write Hindi, can understand the language. This can be attributed to two key factors. First, there is a linguistic proximity between Bengali and Hindi. As both are Indo-Aryan languages, they share a common origin, being direct descendants of early Sanskrit. This shared linguistic heritage means that the structure, vocabulary, and certain sounds in Hindi are somewhat familiar to Bengali speakers, making it easier for them to comprehend Hindi even if they have not formally studied it. Second, cultural exposure plays a significant role. Many Bengalis, especially the younger generation, even those in rural areas, are frequently exposed to Hindi-language television shows, movies, music from an early age. This steady consumption of Hindi media helps them understand the language, and in many cases, they can even communicate in Hindi at a basic level when required. The influence of Bollywood, a popular Hindi entertainment media and even social media often bridge the gap between formal language education and practical understanding, reinforcing language comprehension in informal, everyday settings. Thus, while the lack of mandatory Hindi education in West Bengal might seem like a barrier, the natural linguistic similarities and cultural immersion in Hindi-language media help many Bengalis navigate and understand Hindi effectively. This enables Bengali cadets in the NCC to follow Hindi commands during training, even if they might not be proficient in reading or writing the language. However, it is important to note that while this passive knowledge of Hindi enables communication on a basic level, it may not always be sufficient for more complex interactions, such as understanding technical instructions or theoretical lessons. The challenge, therefore, lies in ensuring that these cadets are not disadvantaged in situations where deeper proficiency in Hindi is required.

In India, a nation characterised by cultural and linguistic hybridity, there is no single national language, but instead, 22 regional

languages are recognised as official languages. English, often considered a neutral and globally understood language, serves as the link language across the country. As a result, English is taught in schools nationwide, ensuring that even cadets who may not be proficient in English communication or writing can at least read and write the script. However, in many non-Hindi-speaking regions, the regional language is preferred and predominantly used in daily life and education. This creates a significant challenge when cadets from these regions sit for the 'A', 'B', and 'C' Certificate written examinations of the NCC. Since the exam questions are set in either Hindi or English, cadets from non-Hindi-speaking zones often face a language barrier.

The 'A' and 'B' Certificate examinations are organised by the Group Headquarters, while the 'C' Certificate Examination is conducted centrally. Although the questions for the 'A' and 'B' Certificate exams are set by the Group Headquarters responsible for a particular jurisdiction, the use of vernacular languages is not permitted for two primary reasons:

1. NCC, like the military, is a Central Government organisation, and therefore operates using the languages typically employed by the central government, Hindi and English.
2. The examiners may not be familiar with or comfortable evaluating responses in regional languages, especially when it comes to uniformity in grading.

As a result, cadets from non-Hindi-speaking regions are often at a disadvantage. The responsibility to overcome this language barrier is placed solely on them. They are expected to adapt to either Hindi or English for their written examinations, making the process more challenging for those who are more comfortable in their regional languages. This puts additional pressure on the cadets, as they must not only demonstrate their knowledge and skills but also ensure that their responses are written in a language they may not be fully proficient in. This language limitation ultimately highlights a gap in inclusivity within the NCC's examination structure, especially for cadets who

come from linguistically diverse regions. It raises questions about how to balance the need for national uniformity with the importance of linguistic inclusivity, particularly in a country as diverse as India.

This underscores the challenges faced by non-Hindi-speaking cadets in the NCC, particularly regarding the language barrier in examinations, while also raising broader concerns about linguistic inclusivity within central government organisations. Cadets who cannot read or write in the Hindi script, and who struggle to express themselves fluently in English, find themselves in a difficult situation when appearing for the NCC Certificate examinations.

For these cadets, “transliteration” becomes the only viable solution. Transliteration is defined as the “[...] representation of words and phrases of one language by the alphabets of another, keeping their pronunciation intact” (Amitabha Chatterjee, “Elements of Information Organisation and Dissemination”). While it may offer a temporary workaround, transliteration in India comes with several drawbacks. One of the main issues is the lack of a standardised system, which can lead to inconsistencies, especially in official documentation. These inconsistencies can create confusion and may undermine the precision needed in formal exams and military contexts.

However, as a Bengali proverb wisely states, “*nei mamar cheye kana mama bhalo*” (half a loaf is better than no loaf, or something is better than nothing), in this context, transliteration offers a ray of hope for NCC cadets who struggle with Hindi or English. During their written examinations, cadets are given three modes of writing: 1. English, 2. Hindi, and 3. Roman-Hindi. This Roman-Hindi (e.g., “*savdhan*” for “attention” or “*vishraam*” for “stand at ease”) represents Hindi words using the English alphabet, making it a form of transliteration. Though Roman-Hindi does not fully solve the problem, as it only addresses the script issue without eliminating language barriers, it serves as a partial solution that helps cadets navigate their examinations.

In conclusion, the linguistic challenges faced by cadets in the NCC, particularly those from non-Hindi-speaking backgrounds, highlight the broader issue of language inclusivity within national institutions. While options like the use of Roman-Hindi in exams offer temporary relief, they do not fully address the deeper challenge of accommodating India's rich linguistic diversity. A more thoughtful, standardised approach to transliteration or even the inclusion of regional languages in NCC examinations could create a more equitable environment for all cadets, ensuring that linguistic barriers do not hinder their potential to contribute to national unity, discipline, and service. As India continues to evolve as a multilingual nation, balancing central policies with regional linguistic needs will be key to catering to true inclusivity in organisations like the NCC.

Works Cited:

Chatterjee, Amitabha. "Elements of Information Organisation and Dissemination", 2017, *ScienceDirect*.

<https://www.sciencedirect.com/topics/social-sciences/transliteration#:~:text=Transliteration%20means%20representation%20of%20words,list%20are%20in%20different%20languages>.

Das, Kamala. *Selected Poems*. Edited by Devindra, Penguin Books India, 2014.

নাটক

বাবার সন্মানে

ড. রমাতোষ সরকার

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, বুনিয়াদপুর মহাবিদ্যালয়

নাটকের পাত্র-পাত্রীরা:

১. ধ্বংস্তুরীবাবা
২. টিকিবাবা
৩. মিরচাইবাবা
৪. ষষ্ঠীচরণ (সদ্য বিপত্নীক, মুক্তিকামী)
৫. জ্যোতি (ষষ্ঠীচরণের ছেলে)
৬. মনীন্দ্র (ষষ্ঠীচরণের পরামর্শদাতা, সুযোগ সন্ধানী, স্বার্থপর)
৭. গণশা (মনীন্দ্রের ছায়াসঙ্গী)
৮. সুশীল মাস্টার (ষষ্ঠীচরণের ছোটবেলার বন্ধু, যুক্তিবাদী)
৯. জগন্নাথ (সুশীলের সঙ্গী এবং ষষ্ঠীচরণের প্রতিবেশি)
১০. গোবর্ধন (রসিক মানুষ)
১১. বিল্লু
১২. ১ম ভক্ত
১৩. ২য় ভক্ত এবং অন্যান্য ভক্তগণ

বাবার সন্ধানে

[ষষ্ঠীচরণ, বয়স ৫৫ বছরের মতো। স্ত্রী আর একমাত্র পুত্র জ্যোতিকে নিয়ে বেশ আনন্দেই ছিলেন। বছর খানেক হলো ষষ্ঠীচরণের পত্নী দু'দিনের অজানা জ্বরে মারা গেছে। পত্নী বিয়োগের পর একমাত্র পুত্রকে বিয়ে দিয়ে, তিনি প্রায় একাকী হয়ে গেছে গেছেন। বড় বিমর্ষ চিত্তে দিনাতিপাত করছেন। পূর্বে ধর্ম-কর্মে মতি না থাকলেও এখন নিয়ম করে সন্ধ্যাহিক করেন। দিনে দু'বেলা নিয়ম করে ঘন্টাখানেকের মতো ঠাকুরঘরে নীরবে নিজেকে ঈশ্বরের পাদপদ্মে নিয়োজিত রাখেন। সম্প্রতি মনীন্দ্রের পরামর্শে এমন একজন বাবাকে খুঁজছেন যিনি তাঁর জীবনের হতাশা, গ্লানি, শূন্যতা দূর করে পরমার্থিক আনন্দ প্রদান করবেন]

প্রথম দৃশ্য

(ষষ্ঠীচরণের বাড়ির অন্দরমহল। জ্যোতি ও মনীন্দ্র চেয়ারে বসে আছে, নিজেদের মধ্যে কথা বলছে। মনীন্দ্র ছোটবেলার বন্ধু, গণশা, গোবর্ধন, বিল্লু একপাশে চুপ করে বসে আস্তে আস্তে কথা বলছে। ষষ্ঠীচরণ তখনও গম্ভীরভাবে ঠাকুরঘরে একান্তমনে ধ্যানে বসে আছেন। তারা সকলে ষষ্ঠীচরণের অপেক্ষায় বসে আছেন। এরা মাঝে মাঝে আসেন ষষ্ঠীচরণকে সান্ত্বনা দেবার জন্য, কেননা ষষ্ঠীচরণ বেশিরভাগ সময় বিমর্ষ হয়ে থাকেন।)

মনীন্দ্র – বড্ড দেরি হয়ে গেল ! জানিনা আর কত দেরি হবে। এতক্ষণ যখন থাকলাম আর একটু না হয় থেকেই যাই। কি বল জ্যোতি, ঠিক বলছি তো? আপনারা সকলে থাকবেন তো?

জ্যোতি – হ্যাঁ ঠিকই, এতক্ষণ যখন থাকলেন, না হয় আর একটু থেকেই জান। ... আসলে আপনি ছাড়া বাবাকে আর বোঝানোর মতো কে-ই বা আছে। আপনি বাবাকে যতটা বোঝেন – আর কে-ই বা তেমন বোঝে? অবশ্য বাবার আসার সময় প্রায় হয়ে এসেছে।

গণশা - (জ্যোতিকে উদ্দেশ্য করে) ছোটবেলার বন্ধু বলে কথা, বন্ধুর বিপদে তো বন্ধুকেই পাশে দাঁড়াতে হবে এ আবার কী এমন নতুন কথা। জ্যোতি তুমি চিন্তা করো না। মনীদা পাশে থাকলে ঠিক উপায় বেড়িয়ে যাবে। মনীদা আমি একটু আসলাম। তুমি না হয় আর একটু সময় উনার সঙ্গে কথা বলো, উনার মনের অবস্থা তো বুঝতেই পারছো? সকালের বাজার আমার এখনো করা হয়নি, বেশি দেরি হলে গিন্নী বাড়িতেই ঢুকতে দেবে না। (গণশার প্রস্থান)

ষষ্ঠীচরণ - (আস্তে আস্তে ঘর থেকে বেরিয়ে এসে মনীন্দ্রকে দেখে) কখন এসেছো মনী? (জ্যোতিকে দেখতে পেয়ে) জ্যোতি তুমি এখন যাও তো বাবা, বউমা তোমার জন্য অপেক্ষা করছে। শরীরটা আমার ভালো যাচ্ছে না বৌমাকে আমার জন্য অল্প করে নিরামিষই রান্না করতে বলো আজকে।

জ্যোতি - (বাবার শরীরের দিকে তাকিয়ে) - ঠিক আছে বাবা তোমার বৌমাকে আমি বলে দেব। শরীর ভালো না, তবে কি একবার ডাক্তারকে দেখিয়ে নিলে ভালো হতো না ?

ষষ্ঠীচরণ - না, তেমন কিছুই হয়নি আসলে কয়েক রাত হলো ঠিকমতো ঘুম হচ্ছে না।

জ্যোতি - বাবা মনী কাকা এসেছে এখন ওনার সঙ্গে কথা বলো, আমি আসলাম। (প্রস্থান)

ষষ্ঠীচরণ - ও-হ্যাঁ মনি তুমি বললে না তো কখন এসেছো?

মনীন্দ্র - এসেছি তো অনেক আগেই। তোমার অপেক্ষাতেই বসেছিলাম। শুনলাম ঠাকুরঘরে আছো, তাই আর ডাকলাম না। জ্যোতির সঙ্গেই কথা বলছিলাম। জ্যোতির সঙ্গে কথা বলে বুঝলাম তুমি ভালো নেই। নিজেকে একাকী করে রাখতে চাইছো। এত তাড়াতাড়ি ভেঙে পড়লে হবে? ছেলে-বৌমা আছে তো না-কি? ওদের জন্যও তো ভাবতে পারো।

ষষ্ঠীচরণ – ভাববো আর কি? কিছুই ভালো লাগেনা। কোনো কাজেই মন বসেনা। শুধুই মনে হয়- এ জগতে কেউ কারো নয়। সংসার-টংসার -সবই মিথ্যা, সবই মায়া। যতই ভাবি ততই মনে হয় কার জন্য করবো, কিসের জন্য করবো? ছেলের যা আছে ওতে ওর দিব্যি চলে যাবে। স্ত্রী চলে যাওয়ার পর শুধুই মনে হচ্ছে - ‘শেষ ভালো যার সব ভালো তার’ -এই শেষ জীবনটুকু ঈশ্বরের সেবায় নিয়োজিত করে ভালোভাবে পার করতে পারলে - আর কি চাই। এখন এটাই আমার কাছে সৌভাগ্য।

মনীন্দ্র – হুঃ বুঝেছি, তোমার মনের অবস্থা। ঠিকই বলেছো -এ সংসার মায়া ছাড়া কিছুই নয়। যে সম্পর্কগুলো আমরা যত্নসহকারে লালন-পালন করি আর আঁকড়ে ধরে ভবিষ্যতের স্বপ্ন দেখি, সেই সম্পর্কগুলোও যে কত ঠুনকো সময় আসলে তা বোঝা যায়। আসলে মানুষ তো, সৃষ্টিকর্তার কাছে আমরা নিরুপায় জীব! এ থেকে আমাদের নিস্তার আছে বলে মনে হয় না।

ষষ্ঠীচরণ – নিস্তার যে আমাকে পেতেই হবে মনী। যে করেই হোক। অবশ্য ছেলে-বৌমা যে খারাপ বা আমার জন্য ভাবেনা, এমনটা নয়। আসলে আমার মন বলছে - মুক্তির পথে যাওয়া এখনই আমার উপযুক্ত সময়। (বিনীতভাবে তাকিয়ে) মনীন্দ্র, মনীন্দ্র দেখো না তোমার সন্ধান কোনো ভালো স্বামীজী বা বাবাজী আছে নাকি?

মনীন্দ্র – ও আচ্ছা, তাহলে তুমি একজন উপযুক্ত গুরুদেব চাও, যিনি তোমাকে মুক্তির পথ দেখাবেন। অবশ্য ঠিকই বলেছো - ‘গুরু বিনা গতি নেই’। ইহজগতের মায়ামোহ ভুলিয়ে পরপারে যাওয়ার পথ একমাত্র উপযুক্ত গুরুই দেখাতে পারেন।

ষষ্ঠীচরণ – হ্যাঁ মনী হ্যাঁ, যিনি আমাকে মুক্তির পথ দেখাবেন। বুঝলে মনীন্দ্র, অনেক আগেই সংসারে ঘেন্না ধরে গেছিল। এখন শুধু মনে হয়-স্ত্রী-পুত্র-কন্যা কেউ কারো নয়, কারো কর্মের ভাগী কেউ নয়। সে সুকর্মই হোক আর কু-কর্মই হোক। মনের শান্তিটাই আসল। আর এটা নিজেকেই খুঁজে নিতে হবে। আমার সংসার বলে তো আর কিছু রইলও না, কোনো ভালো সাধু-সন্ন্যাসী পাই তো পুত্রের সংসার ছেড়ে

বেড়িয়ে পড়ি। ওদের বাকি জীবনটা তো পড়ে রয়েছে, ওরা ভালো থাকলেই হল।
ওদের ঘাড়ে বোঝা হয়ে থাকতে চাই না।

মনীন্দ্র – আজে এই ব্যাপারটাই তো বড় মুশকিল ! (গভীর চিন্তার ভঙ্গীতে) উপযুক্ত
গুরুদেব পাওয়া খুব ভাগ্যের ব্যাপার! যদিও এক সাধুবাবার খোঁজ রয়েছে,
তবে....., লোকে তাঁকে ধ্বংস্তুরী বাবা বলে ডাকে। শুনেছিলাম ত্রিকালজ্ঞ। মানুষের
ভাগ্যের ভূত-ভবিষ্যৎ সব বলে দিতে পারেন। শুধু তাই নয় মানুষের ভাগ্যও বদলে
দিতে পারে।

ষষ্ঠীচরণ – মনী, তাহলে চল না, আমাকে নিয়ে চল না একবার। বাবার চরণদর্শন
করে আসি।

মনীন্দ্র – ষষ্ঠীচরণ অত ব্যস্ত হয়ো না। আগে ভালো করে খোঁজ নিয়ে দেখতে হবে,
তারপর যা হয় দেখা যাবে.....।

ষষ্ঠীচরণ – মনী, মনী ! এই দায়িত্ব তোমাকেই নিতে হবে বন্ধু। এখন তুমি ছাড়া আর
কেই বা পাশে আছে বলো।

মনীন্দ্র – [স্বগতোক্তি - বাঃ এমনটাই চাচ্ছিলাম। এই সুযোগ কিছুতেই হাতছাড়া করা যাবে
না, বন্ধু, এখন বন্ধু! ব্যাটা যখন বৌকে নিয়ে সুখে ছিল একবার বন্ধুর খোঁজ নেওয়ার
প্রয়োজন মনে করেনি] শুনেছিলাম ধ্বংস্তুরী বাবা অত সহজে কারো সঙ্গে দেখা করেন
না, দীক্ষিত ভক্ত না হলে খুব বেশি কথাও বলেন না। যাইহোক চিন্তার কিছু নেই,
তুমি রাজি থাকলে সব ব্যবস্থা হয়ে যাবে। আর দেরি করবো না ষষ্ঠী, অনেক বেলা
হয়ে গেল, আজ তবে আসি।

ষষ্ঠীচরণ – (ষষ্ঠীচরণ হাত জোড় করে) মনী ব্যাপারটা দেখো একটু, যেন বাবাজীর
চরণধূলি নিয়ে –এ জীবন সার্থক করতে পারি।

মনীন্দ্র – ঠিক আছে, ঠিক আছে চিন্তা করো না। দেখছি কি করা যায়।

দ্বিতীয় দৃশ্য

[ষষ্ঠীচরণের বাড়ি থেকে ফেরার পথে মনীন্দ্রর সঙ্গে গণশার আবার সাক্ষাৎ হয়। চারদিকে ভালো করে তাকিয়ে গনশাকে কাছে ডেকে মনীন্দ্র ফিসফিস করে বলে] -

মনীন্দ্র - আরে গণশা যে, দেখা হয়ে বেশ ভালোই হলো। তোকে বলবো বলবো করে শুধুই ভুলে যাই। দেখা যখন হলো তো বলেই ফেলি।

গণশা - বল দাদা - কি কথা?

মনীন্দ্র - আরে ষষ্ঠী একেবারে ভেঙে পড়েছে যে, আমি তো ভাবতেই পারিনি! বুঝলি এটাই সুযোগ, ওর অনেক সম্পত্তি, ছেলেটাও তো হাবাগোবা। বাবার কথা মতো অল্পবয়সে বিয়ে করেছে। দেখেও তো মনে হয় সম্পত্তির ব্যাপারে অত সচেতন নয়। এই সময় ষষ্ঠীর কিছু সম্পত্তি বাগাতে না পারলে আর কোনোদিনই পারবি না-বুঝলি।

গণশা - (আগ্রহ এবং গভীর চিন্তার সঙ্গে) সম্পত্তি বাগাবে! কীভাবে শুনি?

মনীন্দ্র - কেন, তোমার ওই ধ্বংস্তুরী বাবা আছে না?

গণশা - ও বুঝেছি। তার মানে ষষ্ঠী দা এতক্ষণে রাজি হয়েছেন?

মনীন্দ্র - আরে হ্যাঁ, হ্যাঁ। এরই অপেক্ষায় ছিলাম। শেষমেষ ষষ্ঠী রাজি হয়েছে।

গণশা - মনীন্দা তোমার ফন্দিটা তো মন্দ নয়। তা আমাকে নিয়ে তোমার মতলবটা কি শুনি?

মনীন্দ্র - তোকে অত মতলব-টতলব শুনতে হবে না বুঝলি। তোর সংসারে তো 'নুন আনতে পান্তা ফুরায়'। সুযোগের সদ্ব্যবহার করতে পারলে যে - দুই পুরুষ বসে বসে খাবি, সেকথা ভুলে গেলে চলবে। শোন, তুই তো ষষ্ঠীর সব কথা জানিস। ধ্বংস্তুরী বাবাজীকে আগাম জানিয়ে রাখ। তারপর দেখি বাবাজী কি করতে পারে।

গণশা - এইবার বুঝেছি মনীদা, তুমি একদম চিন্তা করোনা আমি সব ব্যবস্থা করে নিচ্ছি।

মনীন্দ্র - ঠিক আছে চল, আর দেরি করিস না। আর হ্যাঁ, আগামীকাল আবার আয় ষষ্ঠীর বাড়ি। ভালো করে বাবাজীর লাগামটা কষতে হবে যাতে ষষ্ঠীচরণ কোনোভাবে ফসকাতে না পারে।

গণশা - আচ্ছা, ঠিক আছে অবশ্যই আসবো। [স্বগতোক্তি - বেশ ভালোই হলো, ব্যাটা সম্পত্তির মালিক হয়ে এত উঁচুতে উঠে গেছে যে আমাদের দিকে এতদিন নজরই পড়তো না, দেখি সুযোগটাকে কাজে লাগানো যায় কিনা। এই করে যদি কিছু টাকার ভাগ পাওয়া যায় মন্দ কি? সুযোগ তো আর সবসময় আসে না]

তৃতীয় দৃশ্য

(ষষ্ঠীচরণের গৃহ, ষষ্ঠীচরণ, গোবর্ধন এবং মনীন্দ্র অনেকক্ষণ ধরে গল্প করছেন)

মনীন্দ্র - তা! আর যাই বল, ভারতবর্ষ হল আধ্যাত্মিকতার ভূমি, যত মুনি-ঋষি সব ভারতবর্ষেই জন্মেছে। অবশ্য ঠক-জোচ্চোরও কম নেই। তবে এ কথা ঠিক - যাচাই করে তবেই গুরুর দীক্ষা নেওয়া উচিত।

গোবর্ধন - ঠিকই বলেছো মনী দা, যাচাই করে নেওয়াই বুদ্ধিমানের কাজ। চারদিকে যা অবস্থা! অবশ্য জয়গ্রামে যখন ছিলাম তখন এক মিরচাই বাবার কথা শুনেছিলাম - একেবারে সিদ্ধপুরুষ। ষষ্ঠীচরণের ব্যাপারটা তার কাছে কিছুই না, আশাকরি বাবার সামান্য একটা লঙ্কাতেই কাজ হয়ে যাবে। তাঁর কাছে জীবনের অসাধ্য বলে কিছু নেই। আমার জানাশোনা কত মানুষ ভালো হয়ে গেছে, আর কত বলবো। শুনেছি অনেককে সংসারের বন্ধন দশা থেকেও মুক্ত করেছেন। আর ঐ মিরচাই বাবাই তো আমাদের পরমার্থকে বাঁচালে। বেচারি পরমার্থর হৃদয় বিকল হয়ে গেছিল।

মনীন্দ্র - হৃদয় বিকল, বুঝলাম না। এইটা আবার কি?

গোবর্ধন - কি যে বল তুমি, ইংরেজির পাল্লায় পড়ে তোমার বাংলাটা গেছে মাইরি। আরে হাট; হাট; হাট অ্যাটাক-ট্যাটাক করেছিল। সেবার বাবার দেওয়া একটা লক্ষা খেয়ে কোনোরকমে বেঁচে গেছিল। এখন দিব্যি নেচে-কুঁদে বেড়াচ্ছে। অবশ্য পরমার্থ ভালো হওয়ার পরে বাবাজীর ধারে কাছে যায়নি। আসলে কৃতঘ্ন হলে যা হয় আর কি?

মনীন্দ্র - হ্যাঁ, আমিও শুনেছিলাম মিরচাই বাবা প্রবল ঐশ্বরিক শক্তির অধিকারী। তিনি নাকি ভাত, রুটি, ছাতু, সুজি, ডাল, তরি-তরকারী এসব কিছুই খান না। বেঁচে আছেন কেবলমাত্র মরিচ (লক্ষা) খেয়ে।

গোবর্ধন - শুধু কি তা-ই। প্রতিদিন লক্ষ লক্ষ মানুষ তাঁর কাছে ঔষধ নিতে আসছে, তা-ও সেই লক্ষা। প্রত্যেককে তিনি একটি করে মন্ত্রপূত লক্ষা দিচ্ছেন, আর সেই লক্ষা খেয়ে সকলে ভালো হয়ে যাচ্ছেন। অদ্ভুত মাইরি। বিচিত্র সব সাধনা আর তার ফলও কত বিচিত্র।

ষষ্ঠীচরণ - মনীন্দ্র ও মনীন্দ্র, গোবর্ধন কি ঠিক বলছে? আচ্ছা, তাহলে একবার মিরচাই বাবার কাছে যাওয়াই যাক না কেন।

চতুর্থ দৃশ্য

[মিরচিবাবার আশ্রম, মিরচাই বাবার ধ্যানের সময় এখন। মিরচাই বাবা ধ্যান করছেন, পরণে ধবধবে সাদা ধুতি, গলায় মরিচের মালা, মাথায় পাগরি পরিহিত, সামনে মস্ত বড় পাত্রে শুকনো লক্ষা রাখা। বাবার পাশে রাখা প্রণামী বাক্স, তাতে লেখা আছে মুক্ত হস্তে দান করুন। ভক্তরা সব উসখুস করছে কখন বাবার ধ্যান শেষ হবে। গোবর্ধন, মনীন্দ্র আর ষষ্ঠীচরণ মিরচাই বাবার ভক্তদের দলে বসে আছেন।]

মিরচিবা - ওং হ্রিং ক্লিং সাহাঃ, ওং মিরচিপতি সাহাঃ, ওং রুদ্র দেবায় সাহাঃ। (ভক্তদের দিকে তাকিয়ে) ওহে ভক্তগণ- জগতের কল্যাণ ঈশ্বরেরই কল্যাণ; ঈশ্বর

তোদের ওপর রুষ্ট, তাই তোরা দৈহিক, মানসিক জরা-যন্ত্রণা ভোগ করছিস, বিজ্ঞান! বিজ্ঞান! করে মরিস, বিজ্ঞান তোদের অন্ধ করেছে তাই ঈশ্বরকে তোরা দেখতে পাওনা। প্রকৃতি ঈশ্বরের সৃষ্টি, প্রকৃতিকে নষ্ট করছিস আর নরকের দিকে এগোচ্ছিস, নরক যন্ত্রণা ভোগ করছিস। প্রকৃতি তোদের ওপর প্রতিশোধ নেবে। আয় আয় তোরা প্রকৃতির রোষ সহ্য কর! কই রে, কে আছিস? এদের সবার গায়ে আমার আশীর্বাদের জল ছিটিয়ে দে।

[একজন অনুগামী ভক্ত বাবার সামনে থাকা পাত্র থেকে লঙ্কারগুড়ো মিশ্রিত আশীর্বাদের জল ছিটিয়ে দেয় ভক্তদের গায়ে। ভক্তদের করুণ অবস্থা, কেউ ঝালে কাঁদে, আবার কেউ ঝালে গায়ে হাত বোলাতে ব্যস্ত, কেউ গড়াগড়ি খায়।]

১ম ভক্ত – ওরে আমার চোখ গেল রে, (অন্ধ) কানা হয়ে গেলাম রে। শালা! সব দেশী লঙ্কার গুড়ো। এত ঝাল! এত ঝাল মাইরি।

২য় ভক্ত – তোর জন্য কী বেঁছে বেঁছে কাশ্মিরী লঙ্কা নিয়ে আসবে নাকি হ্যাঁ। তোর বউ পালিয়ে গেছে বাবার কাছে ফেরত চাইতে এসেছিস – সেকথা কি ভুলে গেলি।

১ম ভক্ত – ধুর মাইরি, সবার সামনে একথা বলে লজ্জা দিস না। নইলে কিন্তু, তোর বারোমাসী চুলকানির কথা তোর হবু শ্বশুরকে বলে দেব।

২য় ভক্ত – এই ... এই, মাইরি না না আর বলবো না। ঝাল তো আমারও লেগেছে। সহ্য তো করতেই হবে তা-ই না।

মিরচিবাবা – (একটু পরে ভক্তরা শান্ত হলে) মন দিয়ে শোন সবাই, দিনে ১০৮টা করে মিরচি, মিরচিপতির নাম করে খাবি। দেখবি তোদের শরীর ও মনের সমস্ত জ্বালা-যন্ত্রণা, দুঃখ-কষ্ট, শোক-তাপ সব দূর হয়ে যাবে। অনাবিল আনন্দে তোদের মন মেতে থাকবে।

ভক্তরা – জয় মিরচিবাবার জয়, জয় মিরচিবাবার জয়।

ষষ্ঠীচরণ – (চোখ কচলাতে কচলাতে কান্নার সুরে বলে) কই রে গোবর্ধন, কোথায় গেলি রে ? আমাকে নিয়ে চল, এই ঝাল আমি সহিতে পারবো না। এই মিরচী-টিরচী দিয়ে আমার কোনো কাজ হবে না।

গোবর্ধন – সব ঠিক হয়ে যাবে ধৈর্য্য ধর, এ তো সবে শুরু।

ষষ্ঠীচরণ – না না আমি পারবো না, আমাকে নিয়ে চল।

পঞ্চম দৃশ্য

(ষষ্ঠীচরণের গৃহ, ষষ্ঠীচরণ, গোবর্ধন, বিল্লু এবং মনীন্দ্র)

মনীন্দ্র – হ্যাঁ, বিচিত্র সব সাধনার মার্গ। জ্ঞানমার্গ, কর্মমার্গ, ভক্তিমার্গ। এক এক মার্গের এক এক সাধনা। সাধনায় সিদ্ধির উপায়ও বিচিত্র, আর এজন্য বিচিত্রসব সাধুবাবা দেখা যায় -মিরচাইবাবা, গোবরবাবা, টিকিবাবা, দাঁড়িবাবা, কলাবাবা, বিরিঞ্চিবাবা, জলবাবা। তবে ধ্বন্বন্তরী বাবার সাধনা আরও উঁচুতে। তার যিনি গুরু তিনি স্নেহ লোহার গুড়ো খেয়ে থাকেন। ধ্বন্বন্তরী বাবা সর্বজ্ঞ, জ্ঞানীপন্ডিত, তাঁর শিষ্যরাও সবাই উচ্চশিক্ষিত। এমনি এমনি তো আর কেউ দীক্ষা নেয়নি।

ষষ্ঠীচরণ – মনীন্দ্র, আর যাইহোক ওই মিরচীবাবার কথা আমাকে আর বলো না। যতসব !

মনীন্দ্র – বুঝলে ষষ্ঠীচরণ, সবই বিশ্বাস। কথায় আছে – ‘বিশ্বাসে মিলায় বস্তু তর্কে বহুদূর।’ অবিচল থাকো অপেক্ষা করো। স্বামীজী-বাবাজী এরা সব ঈশ্বরের দূত, এদের সম্পর্কে মানুষ যত সন্দেহ করবে, খারাপ ভাবে তত অনিষ্ট হবে জগতের। কেননা এরা সিদ্ধপুরুষ, সাধনায় সিদ্ধিলাভ করেছেন। মানুষের মুক্তির জন্যই এদের সাধনা। নিজের জন্য তারা কিছুই ভাবেন না। বাবার দেওয়া যে লঙ্কার ঝালে তুমি কুপোকাত হচ্ছে, সেই লঙ্কাই দেখো কত মানুষের জীবন বদলে দিয়েছে - সবই বিশ্বাস!

বিষ্ণু - ঠিক বলেছো। রামকৃষ্ণ দেব সাথে কি আর বলেছে - 'যত মত তত পথ'। কোনোটাই বেঠিক নয়। যে - যে পথে পাড়ে মুক্তির পথে এগোচ্ছে। পথ আমাদেরই খুঁজে নিতে হয়। আমি জানি টিকিবাবাও সিদ্ধপুরুষ। মুক্তিকামীদের মুক্তির পথ দেখানোই নাকি তাঁর ভারত ভ্রমণের উদ্দেশ্য। এখন তিনি গঙ্গার তীরে পঞ্চগ্রামে ভক্তদের মনোবাঞ্ছা পূরণ করছেন।

গোবর্ধন - টিকিবাবা ...! এ আবার কেমন বাবা ?

বিষ্ণু - একমাথায় দুটো টিকি। একটি পজিটিভ আর একটি নেগেটিভ। একটির সঙ্গে স্বর্গের যোগ। আর একটি মর্ত্যের। ভূত-ভবিষ্যৎ সবই তাঁর নখ দর্পণে। আর তা শোনার জন্য লোকে ভিড় করে বাবার কাছে। একটাও বিফলে যায় না। যা বলে তা-ই হয়। ভারতের উত্তরে হিমালয়ের নির্জন গুহায় ধ্যানে বসেছিলেন। সিদ্ধিলাভ করে বদ্ধ মানুষকে মুক্তি দিতে তিনি ভারত ভ্রমণে বেড়িয়েছেন। আর এই কারণেই বাবার কাছে মুক্তিকামী মানুষের ভিড়।

ষষ্ঠীচরণ - আচ্ছা যাই না একবার। দেখেই আসি - সিদ্ধপুরুষ যখন, দীক্ষা নেওয়া যেতেই পারে।

মনীন্দ্র - আমি তো আগেই বলেছিলাম। আগে যাচাই করো তারপর দীক্ষা নাও। যদি তোমার একান্তই যাওয়ার ইচ্ছা থাকে -তাহলে চল দেখেই আসি। [সকলের প্রস্থান]

ষষ্ঠ দৃশ্য

[পঞ্চগ্রামের নির্জন স্থানে বাবার অস্থায়ী আশ্রম। সেখানে এক গাছের গোড়ায় মাটির বানানো বেদিতে আসন পেতে টিকিবাবা বসে আছেন, মুণ্ডিত মস্তক শুধু দুটি বড় টিকি আছে। একটা টিকি উপড়ে খারা। আর একটি নেতানো, মাথা থেকে কানের পাশ দিয়ে বক্ষের সামনে এসে নেমেছে। এক হাত দিয়ে শূন্য থেকে আর এক হাত দিয়ে ভূতল থেকে কি যেন আকর্ষণ করতে চাইছেন। আর মাঝে মাঝে বিরবির করে বলছেন -

মাথা আছে টিকি নাই এ জগতে তার কদর নাই।

আমার টিকি দেখে কেউ করিসনে অবহেলা
নইলে স্বর্গে যেমন মর্ত্যেও তেমন পাবি ঠ্যালা।

সামনে বসে ভক্তরা মন্ত্রমুগ্ধের মতো বাবার দিকে তাকিয়ে আছে, আর এক এক করে কাছে গিয়ে টিকি স্পর্শ করে আশীর্বাদ প্রার্থনা করছে]

ষষ্ঠীচরণ – মনীন্দ্র এ-তো বাবার অসীম কৃপা! [ভক্তদের দিকে অঙুলি নির্দেশ করে]
এতো ভক্তসমাগম অথচ এতো নীরব। মানুষ আছে বলে তো মনেই হয় না।

মনীন্দ্র – যেখানে যেমন সেখানে তেমন, কথা বলো না ষষ্ঠী, শুধু ভক্তদের অনুসরণ করো।

ষষ্ঠীচরণ – ঠিক আছে ঠিক আছে [বলে ভক্তদের অনুসরণ করে টিকি স্পর্শ করে প্রণাম করতে গিয়ে ষষ্ঠীচরণ অসাবধানতাবশতঃ দুই টিকি এক জায়গায় করে স্পর্শ করে, আর অমনি সর্বাপে বিদ্যুৎ খেলে যায়। তৎক্ষণাৎ দু-পা সরে এসে কপালে হাত ঠেকিয়ে প্রণাম করে।] বাবা, বাবা আমাকে উদ্ধার করো।

মনীন্দ্র – [স্বগতোক্তি] টিকি যখন স্পর্শ করেছো তখন তোমার কল্যাণ তো হবেই হবে। বাবা বাবা বলে কোন লাভ নেই।

সপ্তম দৃশ্য

(ষষ্ঠীচরণের গৃহ, ষষ্ঠীচরণ, গোবর্ধন, গণশা এবং মনীন্দ্র)

ষষ্ঠীচরণ – আমার বোধহয় এ জন্মে আর গুরু মিলল না, সব আমার কপালের দোষ। মিরচিবাবার মরিচ আর টিকিবাবার টিকিই সার। কেউ তো আমার কোনো কাজে এলো না।

মনীন্দ্র – আসলে কি ষষ্ঠীচরণ এক এক বাবা একেক ভক্তের উপযুক্ত। তোমার উপযুক্ত হয়তো অন্য কোনো বাবা যার কথা হয়তো আমরা জানিই না। আর তাছাড়া

ধ্বস্তুরী বাবার কাছে তো এখনো যাওয়াই হয় নি। এমনও হতে পারে উনিই তোমার উপযুক্ত।

গণশা - (ষষ্ঠীচরণকে শুনিয়ে শুনিয়ে, গোবর্ধনের দিকে তাকিয়ে) তোমরা যা-ই বল না কেন, ধ্বস্তুরী বাবা কিন্তু অসাধারণ। অসীম ক্ষমতাধর। কত মানুষকে কত ভাবে উপকার করেছে - তা বলা মুশকিল। তাঁর চরণদর্শন করাও সৌভাগ্যের।

মনীন্দ্র - গণশা ধ্বস্তুরী বাবার আশ্রমে নিয়ে চলো না আমাদের।

ষষ্ঠীচরণ - হ্যাঁ ঠিকই, মনীন্দ্র আর দেরি নয়, চল আজই বেড়িয়ে পড়ি ধ্বস্তুরী বাবার চরণদর্শন করে আসি।

গণশা - ঠিক, শুভ কাজ শীঘ্রই ভালো। চলুন তাহলে, ভগবান নিশ্চয়ই সহায় হবেন।

মনীন্দ্র - বেশ! তাহলে চলো। অনেক বাবার নামই তো শোনা যায় অনেকের মুখে। কিন্তু প্রকৃত সত্যসন্ধানী বাবা পাওয়াও ভাগ্যের ব্যাপার। (সকলে একসঙ্গে রওনা হলেন)

অষ্টম দৃশ্য

গণশা - (যেতে যেতে) মণী দা, আমার মনে হয় বেশ ভালোই হবে বুঝলেন তো। ধ্বস্তুরী বাবার কথা অনেক শুনেছি, ভক্তও নাকি প্রচুর। সংসারের মোহ ত্যাগ করে নাকি অনেকে ওখানে ভিড় জমিয়েছেন।

গোবর্ধন - আমার তো ভয় হচ্ছে ষষ্ঠী দা ওখানে গিয়ে শেষমেশ আটকে যাবে না তো?

মনীন্দ্র - ধূর বোকা!। গুরুদেব যাকে কৃপা করেন, একমাত্র তারাই বাবার সান্নিধ্য লাভের সুযোগ পান। ষষ্ঠীর যদি ভাগ্য সহায় থাকে, তবেই গুরুর কৃপা লাভ করে এজন্ম সার্থক করতে পারবে। আমরা বললে তো আর হবে না। তবে চেষ্টা করে

দেখতে অসুবিধা কোথায়? কি বল ষষ্ঠী? (দূরে লোকের জটলা দেখে) গোবর্ধন শোনো তো ওখানে কি হয়েছে?

[যেতে যেতে তারা দেখল ধর্মপুরের মহানন্দা নদীর ব্রিজে প্রচুর লোকের জটলা। তারা সবাই বলাবলি করছে, কলা বাবার কেলামতি নিয়ে।]

গোবর্ধন – (একজনকে উদ্দেশ্য করে) ও দাদা, এই যে দাদা, ওখানে কি হচ্ছে?

স্থানীয় গ্রামবাসী – কলাবাবার মেলা।

গোবর্ধন – কলা বাবার মেলা ?

স্থানীয় গ্রামবাসী – হ্যাঁ হ্যাঁ, কলা বাবার মেলা। বাবা স্বপ্নাদেশ পেয়েছেন – ‘কলা হচ্ছে মহৌষধি’। সব কিছু নিরাময়ের মোক্ষম ওষুধ। হাজার হাজার মানুষ তাদের হাজার হাজার সমস্যা নিয়ে বছরে একবারই বাবার মন্ত্রপূত কলা খেতে আসেন – আর এজন্যই এত ভিড়।

ষষ্ঠীচরণ – আচ্ছা মনী এখানে গেলে হয় না।

মনীন্দ্র – না না এই সমস্ত ছিচকে বাবার কাছে গিয়ে লাভ নেই। মনকে শক্ত করো বিচলিত হয়ো না। স্বপ্নাদেশ-টপ্পাদেশ ওসব মিছে কথা, এসব বলে মানুষকে বোকা বানায়।

গণশা – একদম ঠিক কথা। যেখানে-সেখানে না গিয়ে ধ্বন্বন্তরী বাবার কাছে যাওয়া অনেক ভালো। ধ্বন্বন্তরি বাবা খুব জ্ঞানী মানুষ, আমার মনে হয় ইনিই ষষ্ঠীচরণের উপযুক্ত।

মনীন্দ্র – হ্যাঁ, কত বিবাগী মানুষকে সংসারে ফিরিয়ে এনেছে, ব্যর্থ মানুষকে সফলতার শীর্ষে পৌঁছে দিয়েছে। ঐ যে রামনাথ ঘোষ, ব্যবসায় ভড়াডুবি খাচ্ছিল ধ্বন্বন্তরি বাবার এক কবজে (জুরিবুটিতে) এখন বিশাল কারবারি। স্বয়ং লক্ষ্মী যেন তাঁর ঘরে বাঁধা পড়েছে। কলিযুগে এমন সন্ন্যাসী আর কেউ নেই! আর এজন্যই সকাল-সন্ধ্যা এত ভক্তের ভিড়।

নবম দৃশ্য

(যেতে যেতে সুশীল মাস্টারের সঙ্গে দেখা)

সুশীল মাস্টার – আরে ষষ্ঠীচরণ যে, শুনেছিলাম তোমার স্ত্রী বিয়োগ হয়েছে, তা এখন দলবল নিয়ে সব কোথায় চললে?

ষষ্ঠীচরণ – যাবো আর কোথায় ? ওই, ওই একজনের দেখা করতে।

সুশীল মাস্টার – সে একজনটা কে শুনি ?

ষষ্ঠীচরণ – জানো তো ভাই, গিন্গী মারা যাওয়ার পরে সংসার থেকে মন উঠে গেছে। ছেলে-বৌমাকে সংসারের জিম্মা দিয়ে চললুম একটু সাধুসঙ্গ লাভের আশায় ধ্বস্বস্তরী বাবার কাছে। শুনলাম বাবাজী এই আস্তানায় বেশিদিন থাকবেন না, তাই চললুম একটু দেখা করে আসি।

সুশীল মাস্টার – আচ্ছা, এই ব্যাপার। কে নিয়ে যাচ্ছে শুনি?

গণশা – ষষ্ঠী দা দেরি হয়ে যাচ্ছে গো।

মনীন্দ্র – হ্যাঁ, বাবার ওখানে সময়ে পৌঁছতে না পারলে দেখা করা মুশকিল হবে।

ষষ্ঠীচরণ – সুশীল দা উঠি, পরে কথা হবে খন। [প্রস্থান]

সুশীল মাস্টার – (অনেকক্ষণ চুপ করে থাকার পর, কটমট করে মনীন্দ্রের দিকে তাকিয়ে)

ষষ্ঠীচরণ শেষমেশ ঠকবাজের খপ্পড়ে পড়লো না তো। বাবা-টাবা ওসব বুজরুকী। নিশ্চয়ই ষষ্ঠীচরণকে নিয়ে ব্যাটাদের কোনো বদ মতলব আছে। আর এজন্যই শুনেছি ষষ্ঠীচরণের বাড়িতে এরা নিয়মিত ভিড় জমায়।

দশম দৃশ্য

[ধ্বস্বস্তরী বাবার আশ্রম। মধুলোভী ভ্রমরের ন্যায় ভক্তরা ধ্বস্বস্তরী বাবাকে পরিবেষ্টন করে অমৃতবাণী শ্রবণ করছেন। প্রতিদিন অনেক অনেক ভক্ত দীক্ষা নেওয়ার জন্য অপেক্ষা

করেন। নতুন ভক্তদের বাবার দর্শন পেতে কয়েকটি ধাপ অতিক্রম করতে হয়, নাম, ঠিকানা লিখিয়ে, গুরুতর সমস্যা না লঘু সমস্যা জানাতে হয়, সবকিছু জেনে তারপর সাক্ষাৎ কিংবা দীক্ষা গ্রহণের দিন-ক্ষণ জানানো হয়। এসবই করে বাবার বিচক্ষণ অনুচরেরা। ধ্বন্বন্তরী বাবা গৌড়বর্ণ, স্থূল দেহ, উন্নত নাসিকা, তিলক-চন্দনচর্চিত শুভ্রবস্ত্র পরিহিত অবস্থায় ভক্তদের উপদেশবাণী শোনাচ্ছেন। আর ভক্তরাও বাবার বচনামৃত শোনার জন্য উদগ্রীব হয়ে বসে রয়েছেন।]

ধ্বন্বন্তরী বাবা : (ভক্তদের দিকে তাকিয়ে) হে ভক্তজন, আজ আমি তোমাদের সেইসব কথা বলবো, যা কেউ জানে না! আমি এই পৃথিবীকে সৃষ্টি হতে দেখেছি, মহাভারতের যুদ্ধেও উপস্থিত ছিলাম। আচার্য দ্রোণ যাবতীয় বিদ্যা আমার কাছ থেকেই শিখেছিল!

গণশা : (শ্রদ্ধায় হাতজোড় করে) বাবা, সত্যিই কি আপনি মহাভারতের যুদ্ধ দেখেছেন?

ধ্বন্বন্তরী বাবা : (অহঙ্কারভরে) হ্যাঁ! আর কেবল তা-ই নয়, আমি গৌতমবুদ্ধকে পথ দেখিয়েছিলাম! আলেকজান্ডারের সঙ্গেও হাত মিলিয়েছিলাম! এমন কিছু নেই, যা আমি জানি না।

মনীন্দ্র : (ষষ্ঠীচরণের দিকে তাকিয়ে গর্বভরে) দেখলে, আমি বলেছিলাম না! বাবা কত বড় জ্ঞানী!

ধ্বন্বন্তরী বাবা - আসলে কি জানো, সমস্ত কাল -একই কাল। সমস্ত স্থান -একই স্থান। সাধনায় সিদ্ধিলাভ করেছি বলে অতীত-বর্তমান-ভবিষ্যৎ-এ এবং স্বর্গ-মর্ত্য-পাতালে আমি একই সঙ্গে বিরাজ করি। আমি যখন বিশাখাপত্তনমের সমুদ্র সৈকতে তপস্যা করতাম তখন আইনস্টাইন আসতো আমার কাছে। আপেক্ষিক তত্ত্ব সে-তো আমার কাছেই শিখেছিল। এই তত্ত্ব নিয়ে বিজ্ঞানে সুনাম অর্জন করলেও তাঁর বিদ্যা রিলেটিভিটির বেশিদূর এগোয় নি। স্থান-কাল-পাত্রের সূত্রও সে আমার কাছ থেকেই শিখেছিল। অবশ্য, এসব তোরা বুঝবি নে। এবার আসি পুরাণের কথায় -

ভক্তরা - জয় বাবার জয় হোক। জয় ধ্বন্বন্তরী বাবার জয়।

ধ্বশ্বস্তরী বাবা – দক্ষটা ছিল মহাপাজি, অহংকার বেড়ে গিয়েছিল। কন্যাস্নেহ তাঁকে অন্ধ করেছিল। কন্যার দুঃখে দুঃখী হলেও কন্যার পতিভক্তি সে জানতো না। যজ্ঞের সময় আমি নিষেধ করেছিলাম, বেটা শোনেই নি - মুন্ডুটা গেল তো শেষমেশ গাঁজাখোর জামাইয়ের হাতে। অবশ্য নন্দীভূঙ্গীও প্রথমে রাজিই হয়নি যজ্ঞ নষ্ট করতে, আমিই ওদের বুঝিয়ে পাঠিয়েছিলাম। না হলে যে নারীশক্তির ঘোরতর অপমান হতো।

ভক্তরা – সাধু, সাধু, জয় বাবার জয়।

ষষ্ঠীচরণ – বাবা বাবা (এরকম বাবার চরণে নিজেকে সমর্পণ করে নিজেকে ধন্য করবে স্থির করে যেই উঠে দাঁড়িয়েছে)

ধ্বশ্বস্তরী বাবা – (ষষ্ঠীচরণকে দেখামাত্র) এসো এসো ষষ্ঠীচরণ। (নাম জানলো কি করে? ভাবাচ্যাকা খেয়ে ষষ্ঠীচরণ করজোড়ে কিছুটা এগোনো মাত্রই) দাঁড়াও ওখানে। তোমার অন্তরে যে ঝড় বইছে, স্বয়ং মহাদেব আমাকে আদেশ দিয়েছেন সেই ঝড়কে শান্ত করার। (বলেই কষা থেকে জল নিয়ে সজোরে তাঁর গায়ে ছুড়ে মারলেন)। ষষ্ঠীচরণ ভয়ে-ভক্তিতে মুহূর্তে যেন বাবার বশীভূত হয়ে গেলেন। বুঝলে সবই পূর্বজন্মের কৃত কর্মের ফল। পরাশর মুণির আশ্রমের সেবক ছিলে, তারই এক ব্রাহ্মণ শিষ্যের স্ত্রীর সঙ্গে অবৈধ প্রণয় ছিল তোমার। আর তারই ফলস্বরূপ এই জন্মে স্ত্রীবিয়োগের যন্ত্রণা তোমাকে কুঁড়ে কুঁড়ে খাচ্ছে। আর কটা দিন সবুর কর, পরজন্মে মানুষরূপে জন্মাবে। বৈভবশালী হবে তুমি। মদন বলে তোমাকে চিনবে সবাই। রূপে-গুণে-অতুলনীয় রমনীরা তোমাকে প্রেমিক হিসেবে কামনা করবে। তোমার কামনার আঁগুনে পতঙ্গের মতো উড়ে এসে পুড়ে মরবে।

ভক্তরা – জয়! বাবার জয় হোক! জয় ধ্বশ্বস্তরী বাবার জয়।

ষষ্ঠীচরণ – শক্ত করে বাবার পা জড়িয়ে ধরে গুরুদেব বলেন কি, সত্যি ! সত্যি হবে এসব। তাহলে কি করতে হবে বলুন আমাকে।

ধ্বশ্বস্তরী বাবা – ধৈর্য্য ধর। ধৈর্য্য ধর।

মনীন্দ্র - তুমি খুব ভাগ্যবান। ধৈর্য্য ধর, দীক্ষা নাও, নিজেকে সমর্পন করতে শেখ, তারপর দেখ সব হবে।

একাদশ দৃশ্য

সুশীল মাস্টার - জগন্নাথ, শুনলাম ষষ্ঠীচরণ নাকি ধ্বংস্তুরী বাবার আশ্রমের উন্নতির জন্য তাঁর অর্ধেক বিষয় সম্পত্তি দান করবেন।

জগন্নাথ - বল কি? অর্ধেক বিষয় সম্পত্তি - এ তো ঘোর চক্রান্ত। এরকম অনেক মানুষ ধ্বংস্তুরী-টম্বন্তুরী বাবাদের খপ্পরে পড়ে শেষ হয়ে যাচ্ছে। আর ঠকবাজার রাজসুখ ভোগ করছে। না এটা মানা যায় না। ষষ্ঠীচরণকে যে করেই হোক উদ্ধার করতেই হবে।

সুশীল মাস্টার - জগন্নাথ তুমি নিশ্চয়ই বুঝতে পারছো। ভন্ডবাবাদের কাছে গিয়ে সাধারণ মানুষের কী অবস্থা হয়। আসলে যারা কর্মবিমুখ, যারা মানসিকভাবে দুর্বল, যাদের আত্মবিশ্বাস কোনো কারণে কমে গেছে - সেইসব মানুষেরাই ভীড় করে মুখোশধারী ভন্ড বাবাদের কাছে। আর ভন্ডবাবারা অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে ভক্তের মন বুঝে একে একে সম্মোহনের জাল বিস্তার করে। ষষ্ঠীচরণের ক্ষেত্রেও নিশ্চয়ই সেরকমই কিছু একটা হবে।

জগন্নাথ - ষষ্ঠীচরণ খুব সজ্জন ব্যক্তি। তাঁর ছেলেও যথেষ্ট মান্য করে আমাদের। ষড়যন্ত্রকারীদের হাত থেকে ষষ্ঠীচরণকে বের করে আনতে না পারলে পাড়ায় আমাদের মুখ দেখানো মুশকিল হবে। তাহলে আর দেরি নয়, ষষ্ঠীচরণের ছেলের সঙ্গে আগে কথা বলে নেওয়া উচিত আমাদের।

সুশীল মাস্টার - হ্যাঁ ঠিকই। এই সময় যদি তার ছেলের পাশে দাঁড়াতে না পারি তো আমরা পড়ে মুখ দেখাবো কেমন করে। চলেন যাই কথা বলে আসি। (প্রস্থান)

দ্বাদশ দৃশ্য

সুশীল মাস্টার - [দরজায় কড়া নেড়ে] জ্যোতি বাড়িতে আছো ?

জ্যোতি - (সুশীল মাস্টারকে দেখে আনন্দিত হয়ে) - আসুন, আসুন মাস্টারমশায়। আজ আমার খুব সৌভাগ্য! এই প্রথম আমাদের বাড়িতে আপনার চরণের ধুলা দিলেন।

সুশীল মাস্টার - জ্যোতি, আমরা বেশি দেরি করবো না। একটা বিষয় আমাদের জানার ছিল।

জ্যোতি - বলুন না মাস্টারমশায় কি হয়েছে?

সুশীল মাস্টার - আসলে প্রতিদিন তোমাদের বাড়িতে এত লোকের আনাগোনা দেখে মনে সন্দেহ জেগেছিল। তাদেরই একজনের কাছে শুনলাম তোমার বাবা নাকি বাড়িতে থাকেন না, কোনো এক সাধুবাবার কাছে আশ্রয় নিয়েছেন - কথাটা কি সত্যি?

জ্যোতি - হ্যাঁ মাস্টারমশাই আপনি ঠিকই শুনেছেন, বাবাকে কিছুতেই বোঝানো গেল না। শেষমেশ ধ্বংস্তুরী বাবার শরণাপন্ন হয়েছেন।

সুশীল মাস্টার - আচ্ছা ! হ্যাঁ ধ্বংস্তুরী বাবার কথাই তো বলেছিল সেদিন। সেদিন দেখলাম তোমার বাবা কয়েকজনকে নিয়ে কোথায় যেন যাচ্ছিল। আমাকে দেখার পর সবাই হঠাৎ কেন এত ব্যস্ত হলেন - আমি কিছুতেই বুঝতে পারছি না। তোমার বাবাও আমাকে যেন এড়িয়ে গেল। আরে তাতেই আমার সন্দেহ হলো! তা বেশ...জ্যোতি এখন তোমার বাবার কি অবস্থা?

জ্যোতি - ধ্বংস্তুরী বাবার আশ্রমে গিয়ে সংকল্প করেছেন বাবাজীকে অর্ধেক সম্পত্তি দান করবেন। আমরা অনেক বুঝিয়েছি, বোঝানো গেল না কিছুতেই। তিনি এক প্রকার মনস্থির করেই ফেলেছেন। বেশি বললে বলেন তাঁর ভালো নাকি আমরা চাইনা। সম্পত্তির লোভে তাঁকে পূন্য কর্মে বাঁধা দিচ্ছি।

জগন্নাথ – বাবা জ্যোতি তুমি তো আমার ছেলের বয়সী। একটা কথা জেনে রাখো – ‘সৎ সঙ্গে স্বর্গবাস আর অসৎ সঙ্গে সর্বনাশ।’ তোমার মা চলে যাওয়ার পর দেখছি তোমার বাবার অনেক বন্ধু হয়েছে। তুমি তাদেরকে চেনো তো?

জ্যোতি – হ্যাঁ চিনবো না কেন? ঐ যে মনী কাকা, বাবার ছোটবেলার বন্ধু।

জগন্নাথ – না না আমি সেই কথা বলছি না, আসলে দিনকাল ভালো নয় তো, কার কোথায় সার্থ বোঝা বড় মুশকিল।

সুশীল মাস্টার – (জগন্নাথকে উদ্দেশ্য করে) না, না, ওসব কিছু না। (জ্যোতির দিকে তাকিয়ে মৃদু হাসি হেসে) তুমি তো জানো জ্যোতি, স্বামীজী-টামীজী এসব মানুষকে আমি বিশ্বাস করি না। ভাবতে অবাক লাগছে এই বিজ্ঞানের যুগেও কেমন করে এরা সবাইকে বোকা বানিয়ে চলছে!

জগন্নাথ – আমি সত্যিই বুঝতে পারছি না, ধ্বংস্তুরী বাবার কথাগুলো কতটা বিশ্বাসযোগ্য।

সুশীল – জ্যোতি তুমি যদি বলো তো, একবার চেষ্টা করে দেখতে পারি। তোমার বাবার বিশ্বাসে আঘাত না দিয়ে ধ্বংস্তুরী বাবার সত্যিকারের স্বরূপটা বের করা যায় কিনা।

জ্যোতি – মাস্টারমশাই, বাবাকে যদি ধ্বংস্তুরী বাবার খপ্পর থেকে উদ্ধার করতে পারেন, এর চেয়ে ভালো আর কি হতে পারে।

সুশীল – ঠিক আছে, জগন্নাথ চল। দেখি কি করা যায়?

জগন্নাথ – ঠিক আছে জ্যোতি, তুমি চিন্তা করোনা।

ত্রয়োদশ দৃশ্য

মনীন্দ্র – বুঝলে ষষ্ঠীচরণ, শুনলাম প্রতি অমাবস্যায় আশ্রমের গর্ভগৃহে বাবাজী এক এক দেবতাকে আবাহন করেন। দেবতারাও স্বরূপে এই গর্ভগৃহে নেমে আসেন এবং

ভক্তের মনোবাঞ্ছা পূরণ করেন। একমাত্র দীক্ষিত এবং অনুগত ভক্তরাই এখানে প্রবেশের অনুমতি পায়। আগামীকালের অমাবস্যায় মহাদেবের আবির্ভাব ঘটবে।

ষষ্ঠীচরণ – এ আমাদের পরম সৌভাগ্য, সাক্ষাৎ মহাদেবের দর্শন। মানুষের কত সাধনার ফল। আগামীকাল মহাদেব দর্শনের সুযোগ কিছুতেই হাতছাড়া করা যাবে না। (বলে উভয়ের প্রস্থান)

(সুশীল ও জগন্নাথের প্রবেশ)

সুশীল: - জগন্নাথ, গণশার মুখে শুনলাম আগামীকাল না-কি মহাদেবের আবির্ভাব ঘটবে। আগামীকাল কিছুতেই হাতছাড়া করা যাবে না। যে করেই হোক বাবার ভভামী ধরতে হবে। (মৃদু হাসি) গণশা বলছে, বাবা নাকি বলেছে - আলেকজান্ডারের সময় তো ছিলেনই এমনকি মহাভারতেও ছিলেন? বাঃ বাঃ, সময় তো দুই হাজার বছরের পার্থক্য! এটা কিভাবে সম্ভব? ধ্বংস্তুরী বাবা নাকি বলছেন সময়ের নাকি কোনো বাঁধন নেই? তিনি মহাকালের সঙ্গে যাতায়াত করেন! সময় তার কাছে কিছুই নয়! যত সব বুজরুকী। (গম্ভীরভাবে) আমি নিশ্চিত যে ধ্বংস্তুরী বাবা একজন ধূর্ত। মানুষকে বোকা বানিয়ে চলেছে। কিন্তু এটা প্রমাণ করা সহজ নয়। দেখো, কাল আমরা কি করি।

জগন্নাথ – আগামীকাল মোক্ষম সময়। গর্ভগৃহে স্বয়ং মহাদেব! এ সুযোগ কিছুতেই হাতছাড়া করা যাবে না।

সুশীল: - বুঝলি আমি ভক্তের ছদ্মবেশে গর্ভগৃহের কাছাকাছি থাকবো। আশ্রমের ঝাড়ুদার কিছু খর জোগাড় করে রেখেছে পেছনে। যখনই গর্ভগৃহের ভেতরে জয়ধ্বনি শুনবি, সেই খরে আগুন লাগিয়ে দিবি। আর আগুন আগুন বলে চীৎকার করবি। দেখিস খুব সাবধান।

জগন্নাথ – ঠিক আছে, আমি আশ্রমের ঝাড়ুদার, পাহারাদার এদের সঙ্গে কথা বলে সব ব্যবস্থা করে নেব।

চতুর্দশ দৃশ্য

(রাত্রি ৯টা, শিতের রাত। ধ্বস্তুরী বাবার আশ্রমের গর্ভগৃহ, প্রচুর ভক্তের ভিড়ের মাঝে ষষ্ঠীচরণ, মনীন্দ্র, গণশা ও গোবর্ধন বসে আছেন। ধ্বস্তুরী বাবা একটু উঁচুতে সুদৃশ্য আসনে বসে আছেন। অনেক ভক্তের সমাগম। অমাবস্যার থমথমে পরিবেশ। সবাই উপবাসী, অপেক্ষা করছেন কখন মহাদেবের আবির্ভাব ঘটবে। রাত ক্রমশঃ গভীর হচ্ছে, সমস্ত আলো নেভানো। সবাই বাবার দেওয়া নাম জপ করে মহাদেবের আগমন প্রার্থনা করছে। দেবতার সিংহাসন খালি, ওইখানেই স্বয়ং মহাদেব আবির্ভূত হবেন। চারদিক ধূপের ধোয়ায় আচ্ছন্ন শুধু খানিক দূরে একটি প্রদীপের শিখা মিটমিট করে জ্বলছে। ধোয়াচ্ছন্ন আবছা আলোয় মহাদেবাকৃতি একজন সিংহাসনে ধীরে ধীরে এসে বসতে যাবেন।)

সুশীল: - [স্বগতোক্তি- আজ এই ভণ্ড বাবার মুখোশ খুলবই খুলবো!] মহাদেব যেই সিংহাসনে বসতে যাবেন আর অমনি সুশীল উঠে দাঁড়িয়ে বাবার দিকে অঙ্গুলি নির্দেশ করে বলতে শুরু করে জয় বাবা মহাদেব, হর হর মহাদেব। আর অমনি সকল ভক্তগণ জয় মহাদেব এবং মহিলা ভক্তরা উলুধ্বনি এবং শঙ্খধ্বনি করতে শুরু করে।

জগন্নাথ (বাইরে থেকে পূর্ব পরিকল্পনা মতো চীৎকার করে বলে ওঠে) - আগুন, আগুন,

পাহারাদার - বাহার নিকালো, আগ লাগা হয়, বাহার নিকালো (চীৎকার)।

[ভক্তদের মধ্যে ছলছুল কাণ্ড বেধে যায়, অমনি মহাদেব তড়িঘড়ি করে অপ্রস্তুত ভাবে পালাতে গিয়ে হোচট খেয়ে পড়ে যায়। আর অমনি সুশীল মাস্টার ও এক ভক্ত মহাদেবকে জাপটে ধরে]

ধ্বস্তুরী বাবা - ছাড়, মাইরি, ছাড় বলছি, ইয়ারকি করিস না,

সুশীল: - বাবা, পালাবে কোথায়? তুমি না স্বয়ং মহাদেব। (ততক্ষণে মহাদেবের জটা, বাঘছাল অঙ্কিত বস্ত্র খুলে গেছে)


ধ্বস্তুরী বাবা - ধুর! ভালো লাগে না মাইরি, বলছি ছাড়। [ততক্ষণে ঘরে আলো জ্বলে উঠল,]

সুশীল : প্রমাণ! প্রমাণ চাও? এইবার এসে দেখ তোমরা মহাদেবকে। আপনারা এদের ভগবান ভাবেন। আপনারা দেখুন ধর্মের নামে আসলে ইনারা কি করেন।

*ধ্বংস্তুরী বাবা: - [অপমানিত হয়ে হাতজোড় করে বলতে থাকে] আমাকে আপনারা ক্ষমা করে দেন।

[ভক্তরা ভুল বুঝতে পেরে উত্তেজিত হয়ে পড়ে। কিছু ভক্ত মারমুখী হয়ে এগিয়ে আসে। গণশা মনীন্দ্র সজোরে দৌড়ে পালিয়ে যায়। জগন্নাথ সবাইকে শান্ত করতে চেষ্টা করে]

সমাপ্ত



Importance of women Education

Bipasha Rajbanshi

Semester-I, English Major, Roll No.: 413

Women's education is essential for the development of any country. Women play a vital role in all aspects of a nation's progress, and without educating the women of a country, we cannot hope for true development. If we want to make democracy successful, educating women is a must.

It is often said that if we educate a man, we educate an individual, but if we educate a woman, we educate a whole family. Educating women is key to eliminating many social issues from our society. Educated women have the power to positively influence future generations. Women's education directly leads to improved family health, economic growth, and social progress. We must promote the benefits of women's education.

Men and women are two sides of the same coin. Women should have the same rights as men in every area, including education.

The Government of India has launched numerous programmes and policies at the national level to improve the status of women's education in the country.

There is a continuous need to educate women. In many fields, women have proven that they can excel and even surpass men.

An educated woman is like a magic key that brings prosperity, health, and pride to society. We simply need to unlock her potential and witness the positive change that follows.

বিবেক

স.রহমান.

(SACT-II, বাংলা বিভাগ, বুনীয়াদপুর মহাবিদ্যালয়)


স্পটতা ও অস্পষ্টতার দ্বন্দ্বে তুমি দোদুল্যমান,
কত শত ডিগ্রি পারলো কি তোমায় করতে বিবেকবান!!
স্বপ্ন তোমার আদর্শ তোমার কোথায় আজ তারা?
আসম দৌড়ে তুমিও হলে সামিল বাকিদের করতে পথহারা।
মোটা অক্ষর সরু অক্ষর আজ শুধুই কাজে লাগাও বিত্তে,
যে লক্ষ্যের পথিক তুমি তা কি দেয় শান্তি তোমায় নিভূতে!
নাকি চোখের দিশায় দিশেহারা হয়েছো তুমিও মনচক্ষু মুদে!
একবার দেখো ভেবে নিজ চিত্তে তুমি কি প্রথম?
তুমি কি একাই? খুঁজে পাবে তুমি কত ক্ষুদে।



ভাবনা

কানাই হালদার

(Alumni teacher, বাংলা বিভাগ, বুনীয়াদপুর মহাবিদ্যালয়)



আমরা সবাই পাখি হতে চাই!
পাখি কি সুখী?
ঝড়ে, বাতাসে ভেঙ্গে যাওয়া বাসা
অবিচারে গাছ কাটা...

আমরা আধুনিক থেকে
অতি আধুনিকতায়...

ছুটে চলছি সব সময়।
সুখের মাঝে দুঃখ বিলাসিতা
কুঁড়ে ঘরে চাঁদের আলোয় ঝড়ে উত্তাপ
অট্টালিকায় সর্বসুখ!
ভাবনায়...



গ্রহণ

দ্বীপ রায়

(Visiting teacher, সংস্কৃত বিভাগ, বুনীয়াদপুর মহাবিদ্যালয়)

সুস্থ সতেজ হাস্যময়ী সংসারে আগমন ঘটেছিলো

এক পরোজীবীর।

নিজের অস্তিত্বের অছিলায় বিস্তার ঘটিয়েছিল যে

মায়াজাল।।

কুটিলতার অছিলায় অমৃত্যুত্বের নেশায় যে ধারণ করেছিল,

ঈশ্বরীয় সত্ত্বাব।

সাজ, পাজদের নাচন কোচনে যে তলিয়ে দিয়েছিল দেবপুরী,

বাজিয়ে ছিল ডামাডোল।।

বিস্তার ঘটিয়েছিল রক্তবীজ।

তাঁর ছটা আজও বিদ্যমান জগতের কুঁজে কুঁজে,,,

আগ্রাসী মনোভাবে জীবনের স্তূপীকৃতে।।

গ্রহণের অবয়ব লেপে দিয়েছে যে মায়ের কোঠরে,

অশ্রু নদীধারা শুকিয়ে মনকে মরুভূমি করেছে যে,

যন্ত্রনায় মাকে অবরুদ্ধ করেছে যে,

তাকে রোধে কেনো এত বিচলতা,এত ভেদ।।

অঙ্গসম্ভারে কেন সাজিয়ে তুলছো না মা'রে?

ভুলে কি গিয়েছে অসুরত্বের বিনাশে, গ্রহণের অবশেষে,

আলোর ঝলকানি শুভত্বের প্রতীক বহন করেছিল।

আস্বাদ দিয়েছিল নতুন পৃথিবীর।।

হে মানব, তোমরা কবে জাগবে, কবে নতুন ভোরের স্বপ্ন দেখবে,

এখন জাগো, ওঠো, মায়ের আরোগ্য কামনা কর।।



নতুনের বার্তা

নূপুর দাস

(Alumni teacher, বাংলা বিভাগ, বুনীয়াদপুর মহাবিদ্যালয়)

সূর্যমুখী সাত সকালেই তপ্ত ধরা
তার সঙ্গে পাল্লা দেওয়া হিউমিডিটি
চ্যাটচেটে গা তেলতেলে মুখ ভাল্লাগেনা
শীতল খুঁজি হই না শীতল পাই না ছুটি
বৃষ্টি ডাকি আয় বৃষ্টি 'আয়রে ত্বরা'।

রোবট যেন তুমি-আমি, আমাদের কাজ কাজ করা,
কাজ করে যাই - কাজ করে যাই - কাজ করে যাই-নিয়মে বাধা
এক এর পরে দুই-ই তো হয়, পা এর পরে ধা হয় সাধা
আউড়ে মরি - আউড়ে মরি - আউড়ে মরি
দেহের মাঝে হৃদয় খুঁজি, হৃদয়ে নেই প্রাণের সাড়া।

হঠাৎ যেনো স্বপ্ন আসে ঝিমঝিমে ভাব শরীর ভরা
পার বাঁধা ঘাট পুষ্করিণী জল থই থই
পাকা আতা খাচ্ছে তোতা তাড়িয়েতো দিচ্ছেনা কেউ
ফ্ল্যাট নেই আর নামু জমির বাঁশঝাড়টা দিচ্ছে সিটি
আসছে নতুন বার্তা নিয়ে শুভবেশী ডাকহরকরা।

সমাজ চিত্র
লক্ষ্মী সরকার
Department of Education

সমাজ এক আয়না, প্রতিফলিত সব রূপ,
তাতে মেলে সুখ-দুঃখের মিশ্রিত এক সূর্যদীপ।
কোথাও হাসি, কোথাও ব্যথার ছাপ,
আবার কোথাও আশা, কোথাও হারানোর প্রতাপ।

ধনী-গরীব, ভেদাভেদে ভরা,
কোথাও সম্পদ, কোথাও হাহাকারের ধ্বজা।
কারও হাতে ক্ষমতা, কারও কাছে নেই কিছুই,
তবু সবাই মিলে গড়ে তোলে এক জগৎ, সবারই।

শিক্ষা ও উন্নতি কেউ পায় পূর্ণ আলো,
আবার কেউ হারিয়ে যায় অন্ধকারের ছায়ালো।
তবু এই সমাজ, মানুষে মানুষে বাঁধা,
স্বপ্ন, সংগ্রাম, আশা নিয়ে চলছে বহুদূর বাধা।

নতুন দিনের অপেক্ষায় সমাজ চায় মুক্তি,
ন্যায় আর সমতার সুরে গড়বে একদিন শক্তি।
এই চিত্র বদলাবে, আসবে নতুন প্রভাত,
সমাজের আঁচলে মুছে যাবে সব দুঃখের রাত।

প্রয়োজন

শুভঙ্কর প্রামানিক (রচন)

(প্রাক্তন ছাত্র, বুনিয়াদপুর মহাবিদ্যালয়)

থাকলে মানি মানবে জানি
সবার তুমি আপনজন।
করবে স্যালুট যে যাই বলুক
সবার তুমি প্রিয়জন।

নেই টাকা পকেট ফাঁকা,
আমি এখন লক্ষ্মীছাড়া।
বন্ধু এসে, মুচকি হেসে
বললো-- কে তুমি?
আর কার প্রিয়জন?

হালকা হেসে বললাম শেষে
পারলে না চিনতে ??
আমি যে তোমাদের প্রিয়জন।

বন্ধু শুনে অটু হেসে
তুমি প্রিয়জন???
হা.....হা.....হা.....

বুঝলে সোনাধন -
তুমি ছিলে সকলের প্রয়োজন!

ইচ্ছেঘুড়ি

-শর্মিষ্ঠা রায় (কবি)

রাত্রি হলে সব চুপচাপ,
গাঢ় বুকের যন্ত্রণা..
ইচ্ছে ছিল যাব উড়ে,
বাধা-নিষেধ মানবো না..
থাকব ভীষণ নিজের মতো
ছুটবো এপার ওপার রোজ,
মন মাতাবো সুরে গানে-
মনখারাপেরা থাক নিঁখোজ।

সদাই যেন ব্যর্থ হই
মনখারাপের পরিকল্পনায়-
যা কিছু সব এড়াতে চাই
আঁকড়ে ধরে জল্পনায়।

তবুও ভীষণ ইচ্ছে করে-
ইচ্ছে গুলো খুব সাজাই,
মন্দগুলো আবছা রেখে
রঙিন হাজার রঙ ছড়াই।

নতুন শিক্ষানীতি ২০২০: শিক্ষার নবজাগরণ

কৃষ্ণা শিকদার

Department of Education

নতুন শিক্ষানীতি, নতুন দিশার আলো,
২০২০-তে এলে তুমি ঘুচাবে শিক্ষার মহাকালো।
তুমি আনলে পরিবর্তন, সিস্টেমে নতুন ছোঁয়া,
তোমার হাতেই স্বপ্ন দেখে আগামী প্রজন্মের ধোঁয়া।

তুমি বলো, “শিক্ষা হোক সবার অধিকার,”
তোমার পাঠশালায় নেই কোনো বিভেদ-প্রাচীর।
মাতৃভাষায় শেখার সুযোগ, ন্যায়ের বার্তা,
তোমার আলোয় জ্বলে উঠুক
প্রতিটি শিক্ষার্থীর মনের অন্তরকোঠা।

তুমি দাও কর্মমুখী শিক্ষার প্রেরণা,
তোমার পাঠে লুকিয়ে জীবনের গভীর সন্ধান।
তুমি বলো, “সৃজনশীলতা হোক শিক্ষার মন্ত্র,”
তোমার সুরেই গড়ে উঠুক জ্ঞান-বিজ্ঞান তন্ত্র।

তুমি আনো প্রযুক্তি, তুমি আনো দক্ষতা,
তুমি গড়ো ভবিষ্যৎ, তুমি করো মুক্ততা।
তুমি বলো, “শিক্ষা হোক বৈশ্বিক, তবু স্থানীয়,”
তোমার জ্ঞানে খুলে যায় শত সম্ভাবনার দ্বার অসীম প্রান্তর।

নতুন শিক্ষানীতি, তুমি আমাদের আশা,
তোমার হাতেই জাগে জাতির উন্নতির ভাষা।
তুমি হোও পরিবর্তনের এক চিরন্তন নাম,
তোমার পথেই গড়ে উঠুক আগামীর সম্ভ্রান্ত ধাম।

আমার মা

পিন্টু কর্মকার

(প্রাক্তন ছাত্র, বুনিয়াদপুর মহাবিদ্যালয়)

মা এখনও পাতা পুড়িয়ে,
ধোয়া খেতে খেতেই রান্না করে কয়েক পদ ...
দু-তিনশোর শাড়িতেই খোঁজে সজ্জষ্টির এক আকাশ,
সততাকে শেকড়ে রেখেই চলতে চায় বাকি জীবন।
মা যদিও বুঝতে পারে না,
পাশের বাড়ির কাকিমারা কথার টোপে কথা ধরে,
আর ছড়ায় পাখিদের দানার মত!
বাড়িতেই মা সহজেই মাথার উষ্ণতা বাড়ায়,
রেকর্ডের মতো বলে ফেলে কৌশলীদের চেনা পরম্পরা...
মা ভুলতে পারে না অতীতের অন্ধকার ও মুখোশ মুখগুলোকে!
দু-পায়াদের বেহেসেবী অন্যায়ের পরেও মা ক্ষমার জল ঢালে ;
অনেক আর্থিক কিংবা আত্মিক ক্ষতির পরও
মা'র সরলকোণে প্রতিবাদে হাত-পা কাঁপে...
তবে নিজের জন্য নয় আমাদের আগামী ভেবেই!

একাকিত্ত্ব

তুহিন বল্লভ

(ছাত্র, বাংলা বিভাগ, বুনিয়াদপুর মহাবিদ্যালয়)

একা থাকতে আমিও খুব ভালবাসতাম।

নিজের জীবন ,

কাউকে কোনো জবাব দিতে হবে না।

এই একাকিত্ত্ব একদিন আমাকে,

এমনভাবে গ্রাস করে নিল...

বন্ধুবান্ধবদের স্বার্থপর বলে মনে -

হতে লাগলো।

আত্মীয়-স্বজন আমার কাছে

অসহ্য মনে হতে লাগলো!!

আলোর থেকে অন্ধকার আমার কাছে

প্রিয় মনে হতে লাগলো।

বেশি মানুষের ভিড় কিংবা কোলাহল

আমার,

দম বন্ধের কারণ হয়ে দাঁড়াতে লাগলো।

কারোর কোন কথাই যেন -

আমার কান ভেদ করে,

মস্তিষ্কে পৌঁছালো না।

তলিয়ে যেতে লাগলাম আমি -


অন্ধকারে একাকী।



ভাবনার ক্রটি

নুরজাহান খাতুন

(প্রথম সেমিস্টার, রোল: ১০৪৩, বাংলা বিভাগ, বুনিয়াদপুর মহাবিদ্যালয়)



ভাবিয়া করিও কাজ
করিয়া ভাবিও না।
ভাবিয়া কাজ করিলে,
সেটা অন্যথা যাবে না।
মনে রেখো!

তোমার জীবনের এক একটা সিদ্ধান্ত

বদলে দিতে পারে তোমার

বর্তমান এবং ভবিষ্যত।

ভাবিয়া কাজ করিলেই সেটি

পূর্ণতা পায় না,

কোনো কাজের সফলতা পাওয়ার জন্য

কঠোর পরিশ্রমও করতে হয়।

ভাবিয়া বসি থাকিলেই

পূর্ণতা পায়না সেই ভাবনা,

আর ভাবিয়া কাজ করিলেই

সফলতা পাওয়া যায় না।।

যদি হারিয়ে যাই

রুনা লায়লা

(প্রথম সেমিস্টার, রোল : ১০৩৮, বাংলা বিভাগ, বুনিয়াদপুর মহাবিদ্যালয়)

যদি কখনো আমি হারিয়ে যাই
এ সপ্নীল পৃথিবী ছেড়ে।
তবুও তুমি ভুলে যেওনা
ভুলে যেওনা আমার অতীত স্মৃতিকে।

যদি কখনো মনে
পরে যায় আমকে।


তবে খুঁজে দেখো আমার
ধুলো পড়া ডাইরি।

সেখানে আমার অস্তিত্ব পাবে
পাবে আমার সব পুরোনো স্মৃতিকে।

যদি আমাকে মনে পরে
দেখো নীল আকাশে তাকিয়ে।
নীল প্রজাপতি হয়ে আমি
আসবো তোমার কাছে।

দৃঢ় প্রত্যয়

উদয় পদ বর্মন (কবি)



ধৈর্য ধরো

লক্ষ্যভ্রষ্ট হয়ো না।

নিয়মিত অনুশীলন করো

নিজেকে সজাগ রাখো

সময় ঠিক মূল্য দেবে।

এখনো কিছুই হয়নি

মনসংযোগ স্থির করো

যা ঘটছে ঘটতে দাও।

তোমার কাজ, সঠিক সময়কে ব্যবহার করা

সময়ের অগ্নিকুণ্ডে ঝাঁপ দেওয়া নয়

সময়কে কাজে লাগাতে শেখো।



ধৈর্য ধরো

লক্ষ্যভ্রষ্ট হয়ো না।

জোনাকি

কৌশিক সরকার

(অশিক্ষক কর্মী, বুনিয়াদপুর মহাবিদ্যালয়)

অন্ধকারে খুঁজে বেড়াই আলোর সন্ধানে

আলো ছাড়া বৃথা জীবন-

তা সকলেই জানে।

অন্ধকার আছে বলে,

আলোর দরকার।

প্রশ্ন আমার তোমাকে

তুমি কার?

জোনাকি বলে- আমি সবার।

ছোট্টো জীব আমি, কি আছে তোমাদের দেবার।

যা দিয়েছে তাই দিয়েছি সবাকার মাঝে।

বিশ্ব সৃষ্টি করেছেন যিনি, তিনিই দিয়েছেন আমাকে আলোর জ্যোতি,

সৃষ্টি ছাড়া আলোর কিবা আছে গতি

অন্ধকার আছে বলে আলোর প্রয়োজন

আমার অঙ্গে দিয়েছেন তিনি আলোকের বন্ধন

তোমাদেরকেও দিয়েছেন, অফুরন্ত শক্তি।

তোমরা নতুন উদ্যমে দেখাও তা ক্ষমতা,

কর নতুন নতুন আবিষ্কার, দুর্বল ভেব না কখন, মন কর সবল।

কর্ম না করলে, কাটবে কি মনের দুর্বল,

বিশ্বটাকে দেখব আজি নতুন সাজে।

তাই লেগেছি কাজে।

কর্ম বিনা সুখ লাভ হয় কি মোহিতে?

আশ্বাস প্রিয়া বসাক

তুমি যে বলেছিলে, আসবে আবার ফিরে
কই এলে নাতো, আমি থাকলাম পথ চেয়ে।
মনে পরে! তোমার সেই দিনগুলোর কথা.....
স্কুলের শেষে সেই বকুল তলায় রাখতে কোলে মাথা।
বলতে তুমি, আমার চুলের গন্ধ নাকি বকুল গন্ধের মতো
আর আমার মুখের হাসি, লাগতো তোমার ঝর্ণা ধারার ছন্দ।
মুগ্ধ চোখে থাকতে চেয়ে মুখপানে আমার
বলতে তুমি, এ-কোন মায়ী চোখ দুটোতে তোমার।
কথাগুলো কি সত্যিই ছিল? নাকি সবই মিথ্যে ছলনা
আবার আসবো মিনু বলে, কই আরতো তুমি এলেনা!
কৃষ্ণবর্ণ মুখখানা তোমার আছে এখনো অমনি
নাকি গোঁফদাড়িতে ঢেকেছে মুখ, চোখে চশমার আবছানি।
এখনো রাগ দেখাও, নাকি রাগ গিয়েছে ভুলে
জানো, আমি কিন্তু এখনো কাঁদি একটু আঘাত পেলে।
শুনেছি এখন তুমি, শহরের মস্ত বড় ডাক্তার
স্ত্রী ও পুত্র সঙ্গে নিয়ে গড়েছো সোনার সংসার।
আমিও খুব ভালো আছি, করেছি মনকে শক্ত
মস্ত এক ফুলবাগান গড়েছি, তাতে নিজেকে রেখেছি মত্ত।
ভালো আছি, ভালো থেকো, এটাই আমার প্রার্থনা
আবার আসবো মিনু বলে, কই আরতো তুমি এলেনা!

ORANGE VALLEY

- Sahana Subnam

(Semester-1, Roll-435, English Department, Buniadpur Mahavidyalaya)

Clouds descend on the mountain tea garden
in the late afternoon enchanted tea garden
Seant of grass flowers, I get lost enchantment
green silvery Complexion,
high mountain, he is standing
So calm, the color of the clouds got on me,
The clouds come down in a strange silence,
the gray color of the afternoon disappeared in the Colorfull light
of the tea garden.

I didn't realize when the autumn clouds come
down from the magical late afternoon,
from the sky oven "ORANGE VALLEY",



গাহি তোমারি জয়গান

অশ্রুকা দাস (কবি)

হাজার কথা সাগর ছুঁয়ে মেঘ পাহাড়ের দেশে,
চলার পথে আছো তুমি নিত্যনতুন আবেশে।
মন কেমনের খোলা জানালায় শুধুই তুমি,
আঁখির পলকে হারায়, গভীর মননে ডাকি।
অপার মাধুরী তোমার সুন্দর চিরসঙ্গী আমার,
কতরূপে ক্ষণে ক্ষণে হেরি তোমার রূপ বাহার।
কথার মাঝে, গানে, সুরে শতবার শত রূপে,
নয়ন ভুলানো দেখাও অনন্ত লীলা সংসার তাপে।
তোমার দান তোমাতেই করি শ্রদ্ধায় নিবেদন,
আলোর দিশারী স্মরণ মননে তুমি অনুক্ষণ।
তুমি জগতের নাথ জগতপতি ঠাঁই দিও শ্রী চরণে,
আঁধার রাতে হে বিপদভঞ্জন না যেন ডরি মরণে।
দিয়েছো এত প্রেম, তবু কেন হিংসা দ্বন্দ্ব ভুবনে?
মোহমায়া, কপটতা দূর করে দাও চেতনা সন্তানে।
তুমি রাম তুমি কৃষ্ণ তুমিই শ্রীরামকৃষ্ণ ভগবান,
কৃপা সিন্ধু দয়াল ঠাকুর গাহি তোমারি জয়গান।।

রম্যরচনা

তবুও মানুষ বদলায়!

সিটু শেখ

(Assistant Professor, Department of Political Science)

মানুষ বদলায়!

ছোট থেকে বড় হয়, হাঁটতে শেখে, নিজের ছোট ছোট বুদ্ধি দিয়ে পরিবারের বড় বড় সমস্যার সমাধানের স্বপ্ন দেখে, কালের নিয়মে সেই সমস্যা গুলোও হয়তো কখনো মিটে যায়, আবার মেটেও না, আবারো ভাল সময় আসে, হয়তো আসেও না! তবুও মানুষ বদলায়!

পরিবারের সবার সাথেই মিলে মিশে মানুষ বড় হয়, সবাই সবার খেয়াল রাখে, হয়তো আবার রাখতে চাইলেও পরিস্থিতির চাপে সব দেখেও না দেখা হয়ে যায়, হয়তো একরাশ উল্লাস বা অজানা চাপা কষ্ট নিয়ে দিন কাটাতে হয়! তবুও মানুষ বদলায়!

সবাইকে আর্থিক টানাপোড়েনের মধ্যে দিয়েও যেতে হয়, মনে হয় এই দুর্দিন কেটে গেলে হয়তো আর আসবে না, তার থেকেও ঢের বেশি খারাপ সময় আসে, কোনো পথ থাকেনা বেরোনোর, কিন্তু সময় ঠিকই বয়ে যায়! তবুও মানুষ বদলায়!

এমন ভাবেই সবার সময় কেটে যায়, সবাই সবার নিজের নিজের পরিবার প্রতিস্থাপনের সময় আসে, পুরোনো পরিবার নিছক সম্পর্কের খাতাতেই নাম লিখিয়ে রাখে! তবুও মানুষ বদলায়!

একটা সময় আসে সবার জীবনেই, যখন তারা চাই পরিবারের চাপ নিজের কাধে নেওয়ার, বাবা মায়ের উপর আর কোনো দায়িত্ব না থাকার, উল্টে হয়তো তার বিপরীতটাই ঘটে যায়, আরো অনেক সময় চলে যায়, অনেক টাকা আসে, সচ্ছলতা

বাড়ে, কিন্তু সেই সময় তাদের ফিরিয়ে দেওয়ার আগেই প্রিয়জনেরা হারিয়ে যায় চিরতরে! তবুও মানুষ বদলায়!

আরো অনেক অনেক সময় কেটে যায়, এবার আসে নিজেদের বাবা মা হবার দায়িত্ব নেওয়ার পালা, মনের অন্তরালেই কখন এক একটা দশক কেটে যায়, কিছুটা অনুভূতির উদ্ব্বেগ হয়, অতীতে বাবা মায়ের দেওয়া বিরক্তিকর পরামর্শ গুলো কেমন যেনো প্রাসঙ্গিক মনে হতে শুরু করে, হঠাৎ করেই তাদের অনুপস্থিতি ভীষণ ভাবে মনে যন্ত্রণার কারণ হয়ে দাঁড়ায়, চোখের কোণে জল জমতে চায়, পাস ফিরিয়ে ঘুমিয়ে যেতে হয়! তবুও মানুষ বদলায়!

নিজেদের আকাশ ছোঁয়া জীবন গড়ার স্বপ্ন ছেলে মেয়ের জীবন গড়ার কাছে হার মেনে যায়, নিজেকে ভীষণ বুদ্ধিমান-বুদ্ধিমতি ভাববার ভাবনা গুলো কেমন যেনো তাদের কাছে বোকা বোকা সেকেলে হয়ে যায়, সেগুলি পছন্দের তালিকায় শেষের পাতায় ঠাই পায়! তবুও মানুষ বদলায়!

কখন মনের অজান্তেই জীবনের শেষ পর্বে এসে পুরোনো অতীত কে একমুঠো মনে করতে ইচ্ছে হয়, ছেলেবেলা ভেসে ওঠে, ঠোঁটের কোণে নিঃশব্দ একফালি হাসি ফোটে, জীবনটা যে প্রতিযোগিতাতেই কেটে গেছে জীবন তা আরো একবার মনে করিয়ে দেয়! তবুও মানুষ বদলায়!

এভাবেই পুরোনো বিসর্জন দিয়ে নতুনের সমাগম হয়, আবারও ভোরের আলো ফুটে ওঠে, আবারও স্বপ্ন দেখা শুরু হয়, আবারও বেঁচে থাকার লড়ায় করতে হয়, জীবন চক্র চলতেই থাকে! তবুও মানুষ বদলায়! মানুষকে বদলে যেতেই হয়!!

প্রবন্ধ

গলি থেকে রাজপথ---- কলকাতার কথকতা

সুরজিৎ কুড়ু

আমাদের প্রাণের শহর কল্লোলিনী কলকাতা। আমার এই শহরটায় আলাদাই একটা টান আছে, যা তাকে বাকি আর পাঁচটা শহর গুলোর থেকে করেছে আলাদা। আর সত্যি বলতে কি টানটা যে শুধুমাত্র বড়লোক বিত্তবানদের রয়েছে তা নয়, বিভূ নিৰ্বিশেষে, জাত বা ভাষা কে উহ্য রেখেই সে তার টানটাকে পুরো ছোঁয়াচে রোগের মতো ছড়িয়ে দেয় সবার মনে। তাইতো কলকাতা সত্যিকারের মেট্রোপলিটন হয়ে উঠতে পেরেছে, করেছে আত্মস্থ সব রুচি, ভাষা, তহেজিবকে নিজের মধ্যে। বিরিয়ানি হোক কিংবা সাহিত্য সবটাই কলকাতার নিজস্ব স্টাইলে হয়, এই শহরটাতে। রাত নামলে পাল্টায় চেহারা, ভোরে হয়ে ওঠে অন্য এক কলকাতা। শহরটার নাম নিয়েই কত রকমফের, কত ইতিহাস আর মতামত। বাংলার নবাব সিরাজ নাম দিয়েছিল 'আলী নগর' আবার সাহেবরা দিয়েছে 'ক্যালকাটা' আর ঠিক তেমনি বদলেছে, ভেঙেছে গড়েছে এই তিলোত্তমার গায়ের সীতাহার এর মত বা কঙ্কন কিংবা কোমর বন্ধ, নুপুরের মতো জড়িয়ে থাকা রাস্তা। আজ তেমনি দুটো রাস্তার কথা শোনাবো আপনাদের, একটি বহুল পরিচিত অপরটি মনে হয় অনেক কলকাতাবাসীর কাছেই অপরিচিত। যদিও শেষেরটি লেন বা গলি, যে লেন বহন করছে এক স্মৃতির অতলে হারিয়ে যাওয়া ইতিহাসকে। যা ঘাটতে গিয়ে বারবার মনে হয়েছে, এটি সত্যিই আমার শহরের কথা নাকি কোন অজানা দেশের না জানা কোন নগরীর পাঁচালী। আর প্রশস্ত রাজপথটি পদধূলি ধন্য নানা মনীষীর, ঘটনার ঘনঘাটার ঘোমটায় মোরা সকাল হোক কিংবা একাল। আজ থেকে প্রায় দেড়শ বছর আগের কথা। সালটা ১৮৬৬ শহর কলকাতায় হল প্রথম আদমশুমারি বা জনগণনা, যদিও তার অনেক আগেই ১৮৫০ নাগাদ এফ. ডব্লিউ. সিমস্ কলকাতার জনবসতির একটা মানচিত্রায়নের চেষ্টা করেন।

কিন্তু তারও অনেক আগেই ১৭৮১ সালে পুর প্রশাসনের জন্য অর্থ সংগ্রহের তাগিদে রাস্তা ধরে ধরে বাড়ি ও বাড়ির বাসিন্দাদের তালিকা তৈরি করে কর ধার্য করে তৎকালীন কোম্পানি। আর এরপর ১৭৮৪ সালে কর্নেল মার্ক উড ও ১৭৯২ সালে আপজন সাহেবের মানচিত্রে দৃশ্যমান হয়ে ওঠে কলকাতার নানা রাস্তাঘাট। আজ যে রাস্তাদের গল্প শোনাবো তখনও কিন্তু তারা বর্তমান কিন্তু ভিন্ন নামে, তা সে যাই হোক আমরা তো আর ইতিহাস বই খুলে বসিনি আমরা বসেছি গল্প শুনতে। তাই চলুন পায়ে পায়ে কলকাতার ধুলো মেখে বেরিয়ে পড়ি সেই সব রাস্তা দের উদ্দেশ্যে।
----'তুমিও হেঁটে দেখো কলকাতা'

শহরের প্রাণকেন্দ্র মধ্য কলকাতার বৈদ্যুতিন সরঞ্জামের জন্য বিখ্যাত চাঁদনীচক্ কেইবা আর না চেনে আর "চিকেন রেজালার" বা "দুধ বেশি চায়ের" জন্য "সাবির রেস্টোরার" কথা মনে পড়তেই রসনা প্রিয় বাঙালির জিভে গরম জল চলে আসে। সেই সাবিরের উল্টো দিকের গলি গিয়ে পড়েছে "টেম্পল স্ট্রীটে" আর সেখানেই রয়েছে আমাদের আজকের গন্তব্য "গুমঘর লেন" ছোট্ট অপারিসর রাস্তার দুপাশে সার দিয়ে দাঁড়ানো ভগ্নপ্রায় আদ্যিকালের অট্টালিকা গুলি। 'গুমঘর' নামটা শুনলেই আমাদের সামনে ভেসে আসে গা ছমছম করা ইতিহাস আর রোমাঞ্চ। জমিদার বাড়ির গুম ঘরে বন্দী করে রাখা নানান নৃশংস ইতিহাস। কিন্তু খাস কলকাতার বুকে এ কোন গুমঘর? নাহ! এ গুমঘরের সাথে কোন জমিদার বাড়ির কথা জড়িয়ে নেই তবে কেন এমন হলো এই রাস্তার নাম? দিনের বেলা গমগম করা রাস্তা সন্ধ্যে নামলেই যেন এক নিমেষে নিস্তরকার চাদর মুড়ি দেয়। এমন নামকরণের ইতিহাস জানতে হলে আমাদের টাইমমেশিনে করে পাড়ি দিতে হবে কয়েকশো বছর পিছনে। তিলোত্তমার অনেক রাস্তা আর গলির নাম আর পরিবেশ বারবার পরিবর্তিত হলেও প্রথম থেকেই এ গলির নাম 'গুমঘর লেনই' রয়েছে। "বেঙ্গল আগরা ডিরেক্টরী" ১৮৫০ সালেও এই সরু লেনের নাম গুমঘর লেন। জমিদার বাড়ি গুমঘরের সাথে এর কোন যোগ নেই, বরঞ্চ আছে এক হাসপাতালের কথা জড়িয়ে। তখন ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসন চলছে ভারতে আর তারই ভারতীয় কর্মচারীদের জন্য একটা

হাসপাতাল তৈরীর প্রস্তাব ওঠে। ১৭৯২ সালে তা তৈরি হয়ে যায় আজকের চিৎপুরে বা সেকেলে কলুটোলায়, নাম দেওয়া হয় "নেটিভ হাসপাতাল"। যদিও সেই ঠিকানায় বেশি দিন ছিল না তা, খোলামেলা বাড়িতে হাসপাতালে স্থানান্তরিত করতে ১৭৯৬ সালে এটি উঠে আসে ধর্মতলায়। আর যে বাড়িতে হাসপাতালটি উঠে এসে ছিল তারই ঠিক উত্তর বরাবর ছিল আমাদের আজকের এই গম্বু্য। এই হাসপাতালের গায়ে একটি বাড়িতে ছিল কলকাতার প্রথম 'কোয়ারেন্টাইন রুম' যা কিনা পরবর্তীতে স্প্যানিশ ফ্লুর সময়ও ব্যবহার করা হয়। ছোঁয়াচে ও সংক্রামক রোগীদের রাখা হতো এইসব ঘরগুলিতে আর ওই 'কোয়ারেন্টাইন হাউস' থেকেই এ রাস্তার নাম হয়ে দাঁড়ায় 'গুমঘর লেন'। সুদীর্ঘ প্রায় ৭৮ বছর ওই একই ঠিকানায় ছিল এই হাসপাতালটি তারপর ১৮৭৪ সাল নাগাদ নাম পাল্টে এর নাম রাখা হয় বিখ্যাত গভর্নর জেনারেল লর্ড মেয়োরর নাম অনুসারে 'মেয়ো নেটিভ হাসপাতাল'। তার সঙ্গে আবার বদল আসে এর ঠিকানাতেও, স্থানান্তরিত হয়ে চলে আসে স্ট্র্যান্ড রোডে। তারপর কোন এক না জানা কারণবশত বন্ধ করে দেয়া হয় তা। কিন্তু হাসপাতাল উঠে গেলেও, ছোঁয়াচে রোগী স্থানান্তরিত হয়ে গেলেও আর কোয়ারেন্টাইন বাড়ির অস্তিত্ব না থাকলেও নামটা রয়ে যায়। আর সেই নামের সাথে মিশে রয়ে যায় তার না জানা ইতিহাস। এখন যদিও অনেক স্থানীয় বাসিন্দারা একে 'বকরি লেন' ও বলে। কিছু বছর আগেও সেখানে কয়েকটা পরিবার ছাগল প্রতিপালন করতো এখন তাও গেছে। মাত্র ৩০০ মিটার লম্বা ঘিনিজ গলিটায় একুশশতকের কলকাতায় গুম হয়ে গেছে প্রাচীন কলকাতার রোগীদের যন্ত্রণা আর বেঁচে থাকার আর্তি।

এবার যাওয়া যাক একটু উত্তরে ফিবছর দুর্গাপূজায় সবকটা টিভি ক্যামেরার লেন্স থাকে এখানকার এক শতাব্দী প্রাচীন বারোয়ারি পূজোয়। আর আমরা যারা উত্তর কলকাতার ঠাকুর দেখতে ভালোবাসি তারা অনেকেই এই পূজোটা দিয়েই দেখা শুরু করি। নানা কারণে বিখ্যাত এই জায়গাটা, আর পাশের গঙ্গার ঘাটতো এখন ট্রেন্ডিং ভিজিটিং প্লেস, ওখানে গিয়ে ভাঁড়ের চায়ে চুমুক না দিলে "ক্যালকেশিয়ান" হওয়াই নাকি যায় না! বিখ্যাত কবিয়াল এন্টনি ফিরিঙ্গির প্রধান প্রতিদ্বন্দ্বি, পেশায়

মিষ্টির কারিগর--- " ময়রা ভোলানাথের" আস্তানা সেখানেই ছিল। চলুন তবে কৈলাস, থুরি---

“আমি সেই ভোলানাথ নই রে সেই ভোলানাথ নই,

আমি যে ময়রা ভোলা হরুর চেলা বাগবাজারে রই”।

চলুন তবে বাগবাজার সার্বজনীনের সামনের রাস্তা "বাগবাজার স্ট্রিটে", যদিও আগে এই 'বাগবাজার স্ট্রিটের' নাম ছিল "বারুদ কারখানার রাস্তা" বা "গান পাউডার ফ্যাক্টরি রোড"। আর এই রাস্তা এখন গিয়ে চিৎপুর রোডে গিয়ে মিশেছে আগে তা "পেরিং সাহেবের বাগানের" পূর্বসীমা পর্যন্ত সাধারণ রাস্তা ছিল, বর্তমানে হরলাল মিত্র স্ট্রীট পর্যন্ত, তারপর বাগানের ডান দিকের সূড়িপথ চিৎপুর রোডে মিশেছে। 'মার্ক উড্' সাহেবের ম্যাপে "ওল্ড পাউডার মিল রোড" এই নামে উল্লেখিত।

পলাশীর যুদ্ধ তখনও হয়নি বাংলার সিংহাসন তখন মুর্শিদ কুলির পরিবারের হাতে, ওই রাস্তারই প্রান্তে ছিল বিশাল এক বাগান বাড়ি, আর বাড়ির মালিক ছিল ক্যাপ্টেন চার্লস পেরিং সাহেব তিনি ছিলেন প্রচুর জাহাজের মালিক। ১৭৪৬ সাল অন্দি ম্যাপে ওই উদ্যান ঘেরা বাড়ির উল্লেখ পাওয়া যায়, ব্রিটিশ সৈন্যরা এখানে বেড়াতে আসতো। যদিও একসময় সম্ভবত সাহেবের মৃত্যুর পর বা অন্য কোন কারণেই শ্রীহীন হয়ে পড়ে ধীরে ধীরে, অবশেষে ১৭৫২ সালের ১১ই ডিসেম্বর ওঠে নিলামে এই বাগান বাড়ি খানা। মাত্র আড়াই হাজার টাকার বিনিময়ে তা কিনে নেয় কুখ্যাত 'হলওয়েল সাহেব'। শেষ স্বাধীন নবাব সিরাজউদ্দৌলা ১৭৫৬ তে কলকাতা আক্রমণ করলে সেনাপতি মীরজাফর ও হলওয়েল সাহেবের সংঘর্ষ হয় ঠিক এখানেই। পরবর্তীতে আবার এর হাত বদল হয় আর হলওয়েল সাহেব বিক্রি করেন এই বাগানবাড়িকে তখনকার ফোর্ট উইলিয়ামের আর্মি জেনারেল "ক্যার্লিং ফ্রেডরিক স্কটকে" আর তিনি সেখানে বন্দুকের বারুদের পাউডার বা গান পাউডার তৈরির কারখানা খোলেন। আর তা থেকেই এখনকার 'বাগবাজার স্ট্রিটের' নাম হয় "গান পাউডার ফ্যাক্টরি রোড"। যদিও 'স্কট সাহেবের' মৃত্যুর পর এর মালিকানা যায় ইস্ট

ইন্ডিয়া কোম্পানির হাতে। কিন্তু এই 'পেরিং সাহেব' আর তার বাগান বাড়ি একটা বিশেষ জায়গা করে নেয় জনপ্রিয়তার কারণে। 'ক্যালকাটা কমিটি অফ রেভিনিউ' কোন এক পেরিং সাহেবকে দায়িত্ব দিল বরানগর ও তৎসংলগ্ন এলাকা ও হুগলির যে অঞ্চলটি ওলন্দাজরা পেতে চায় তার সীমানা ও মূল্য নির্ধারণ করতে। যদিও এই সেই পেরিং সাহেব কিনা তাতে সন্দেহ আছে, তবে একথা ঠিক ওই জনপ্রিয় উদ্যানটি নষ্ট হয় যখন ব্রিটিশরা সুতানুটি ছেড়ে চলে যায় তখন দেখাশোনার অভাবে। যদিও হরিসাধন মুখোপাধ্যায় 'কলিকাতা সেকাল ও একালের' বইতে বলেছেন পেরিং সাহেব যখন বাগান বাড়িটি তৈরি করছিলেন তখন লর্ড ক্লাইভ লর্ড না হয়ে মাদ্রাজে রাইটারি করতেন আর ওয়ারেন হেস্টিংস সবেমাত্র কাশিমবাজারে কোম্পানির চাকরিতে যোগ দিয়েছে। এর থেকেই বোঝা যায় বাগবাজার কিংবা ওই "গুমঘর লেন" কত পুরনো প্রাচীন জায়গা কলকাতার ইতিহাসে এর থেকেই বোঝা যায়। এরকম কত কথা, কত শোনা না হওয়া গল্প যে লুকিয়ে রয়েছে কলকাতার গলির গোলক ধাঁধার মাঝে কিংবা প্রকাশ্য রাজপথের তলায় গুপ্তধনের মত তার হিসেব মেলা ভার। তারা সত্যিই আমাকে বিস্মৃত করে, হাতছানি দিয়ে ডাকে আমারই মতো পুরনো কলকাতা প্রেমীদের। এবার যখন ওই চাঁদনী চক্ কিংবা পুজোতে বাগবাজারের ঠাকুর দেখতে যাবেন তখন কুমোরটুলির ঠাকুর দেখার জন্য যখন "বাগবাজার স্ট্রীট" ধরে হাঁটবেন, একটিবার অন্তত এই ইতিহাসের ধূসর পাতার গল্প গুলো মনে করার চেষ্টা করবেন। দেখবেন সত্যিই আপনি শিহরিত হবেন, পাবেন পোড়া বারুদের গন্ধ বা চাঁদনীচকের বাজারে শুনতে পাবেন ওইসব গুম ঘরে বন্দী রোগীদের আর্তনাদ। কলকাতা সত্যিই যেন এক গল্পের বুলি।

গল্প

রাতুলের কণ্ঠ

গজেন মন্ডল

(সম্পাদক, সিন্ধু সাহিত্য পত্রিকা)

পূজার ছুটিতে এসে খুব মজা করেছিল। বহুদিন পর বাড়ি এসেছে বলে দিন-রাত সমান করে রাতুল ঘুরে বেড়ায়। শরতে কাশফুলের মধুর দোলা রাতুলের হৃদয়কে হাতছানি দেয়। প্রতিবেশীদের ভালো-মন্দ খোঁজ নেয়। বন্ধুর সাথে গল্পের মাঝে সে উদাস হয়ে যেত। সূর্যাপুরের পাঠশালার কত কী উকি দিয়ে যায়। টিফিন বেলায় নিমগাছে দোল খাওয়া, বুলবুলি, ঘুঘুর গান, আরও কতো কিছু!

আরে রাতুল, তুমি! হ্যাঁ স্যার আমি। না জানিয়ে চলে এলাম। স্যারের পায়ে হাত রেখে রাতুল প্রণাম করলে, থাক রাতুল থাক। বড় হও, ভালো মানুষ হও, তার মাথায় হাত রেখে নিমাইবাবু বললেন। ছয়ফুটের দীর্ঘ শরীর, ফর্সা ত্বকে রাতুলকে দেখে প্রথমটা হোঁচট খেলেও চিনতে ভুল করে নি।

নিমাইবাবুর বুঝতে সময় লাগেনি যে রাতুল ভালো কিছু সংবাদ নিয়ে এসেছে। কেননা, মাধ্যমিকে নব্বই শতাংশ নম্বর পেয়ে সে নিজের বাড়ি না গিয়ে প্রথম সংবাদটি আমায় জানিয়ে গেছিল।

বয়সভারে নিমাইবাবুর ত্বকে অসংখ্য ভাঁজ পড়ে গেছে। চোখে পাওয়ার চশমার দিকে তাকিয়ে রাতুলের খুব মায়া হল। স্যার! আপনার কি কিছু হয়েছে?

না রাতুল কিছু হয়নি। এ বয়সে কত কি যে দেখলাম। আরও কত কী যে বাকী আছে!

তুমি বসো সোফায়। সুনীল গঙ্গোপাধ্যায়ের রচনা সামগ্রী, আরও কিছু ছড়িয়ে ছিটিয়ে থাকা কাগজপত্র গুছিয়ে সে একপাশে বসল। মোবাইলে মেসেজগুলো দেখে,

কিছু বার্তার উত্তর দিচ্ছিল, কিছু ডিলিট করছিল। ডিমের অমলেট বানিয়ে সামনে আসতেই, রাতুল সটান উঠে দাড়িয়ে প্লেট হাতে নিয়ে, স্যার কেন এ বয়সেও আমার জন্য এসব করতে হবে? আপনি বসুন স্যার।

কাঠের চেয়ার কোনরকম টেনে নিমাইবাবু থিতু হল।

স্যার! আমি ডাক্তারি পড়ছি। আসলে তখন সুযোগ হয়নি। ভর্তির সীমিত সময়ের কারণে খবরটা জানাতে পারি নি। এইজন্য খুব দুঃখিত।

খুব আনন্দের সংবাদ। গর্বে বুক ভরে গেল। ভুল তো আমার রাতুল! একবার ফোন করে জেনে নিতে পারতাম। অথচ, একটি নিঃশ্বাস ছেড়ে----।

আপনি একা মানুষ। বয়স হয়েছে। তাছাড়া বাজার, রান্না সবই আপনাকে করতে হয়।

রাতুলের মোবাইল বেজে ওঠে। ফোনের ওপার মা সীমা দেবী। তাড়াতাড়ি ঘরে ঘরে আয়। রান্না হয়ে গেছে। সেই কোন সকালে মুখে কিছু না দিয়ে বেরিয়ে গেছিস।

দরজার আওয়াজ শুনে, রাতুল ভাবল শ্যামলী বুঝি এসেছে। আমি দেখছি স্যার বলে সে দরজা খুলতেই স্বস্তিবোধ করল। কথামত শ্যামলী এসে গেছে। বৃদ্ধ নিমাইবাবুকে দেখিয়ে বলল, ইনি আমার স্যার। প্রেসারের ঔষধ বুঝিয়ে দিয়ে রান্নাঘর, বাথরুম ইত্যাদি তাকে চিনিয়ে দিল। এরপর মোবাইলের মাধ্যমে শ্যামলীর অ্যাকাউন্টে এক বছরের অ্যডভান্সড পাওনা-কড়ি দিয়ে দিল।

ততক্ষণে নিমাইবাবুর বুঝতে বাকী রইল না, যে রাতুল তার দেখাশোনা করার জন্য এই মহিলাকে ধরে এনেছে।

নিমাইবাবু খুব আবেগ প্রবণ হয়ে পড়ল। মনে মনে ভাবতে লাগল, পাঠশালার সেদিনের ছোট রাতুল আজ---। ছলমল চোখের জল বেয়ে কুনইয়ের উপর পড়ছে। আবেগ ঘন কণ্ঠে বিরবির করে যাচ্ছেন। রাতুলের কান শুধু এটুকু বুঝতে পারল, যে ছাত্র রাতুল এমন মানুষ হয়ে উঠবে তা সেদিনই বুঝতে পেরেছিলাম।

ওদিকে কয়েক বছর পর ছেলে ঘরে ফিরে এসেছে বলে সীমাদেবী ছেলের পথ চেয়ে বসে আছে। ইলিশ মাছ রাতুল খুব ভালোবাসে। তাই ইলিশ মাছের ভাজা, ইলিশ পোস্ট, আরও সাত পাঁচ ব্যাঞ্জন।

স্যার উঠি এবার। নইলে ঘরে ফিরতে অন্ধকার নেমে আসবে। একমিনিট দাড়াও বলে সত্তর ছুঁইছুঁই নিমাইবাবু একপা দুপা করে ঘরে ঢুকল। বিছানার পাশে বহু পুরাতন ড্রয়ারটি খোলার চেষ্টা করছে। অবশেষে তা খুললে কাপড়ের পুটলি বের করল। পুটলির গীট খুলে কী একটা হাতে ভরল।

রাতুল ঘরে ফিরবে বলে প্রস্তুত হয়ে আছে। স্যার অনুমতি দিলেই বাড়ির উদ্দেশ্যে রওনা দেবে।

কম্পিত হাতে সাত পুরুষের স্বর্ণমুদ্রা রাতুলের কপাল ছুয়ে তাকে তা যত্ন করে রেখে দিতে বলল।

রাতুল তুমি কখনও বিপদের সম্মুখীন হলে রাম-সীতা মূর্তি সম্বলিত এই ধন তোমায় রক্ষা করবে। এই মুদ্রা সাথে নিয়ে বাইরে বের হবে। তোমার কেউ কখনও কিছু ক্ষতি করতে পারবে না। প্রায় পাঁচশো বছর আগের হলেও চকচকে রাম-সীতার প্রতিকৃত যেন জীবন্ত।

আর একবার স্যারকে প্রণাম করে রওনা দিল রাতুল। যাওয়ার আগে শ্যামলীকে ডেকে আর একবার সজাগ করে জানিয়ে দিল,” কোন সমস্যা দেখলেই সে যেন তদক্ষণাৎ তাকে ফোন করতে না ভোলে”।

ঝুমুর ও রাতুল তিন দিনের জন্য দার্জিলিং ঘুরতে যায়। পাহাড়ের রূপালী ঝরনা ধারা এই প্রথম এতো কাছাকাছি। পাহাড়ের ঘন সবুজ; বহুদূরে কাঞ্চনজঙ্ঘার চকচকে সোনালী মেঘ ঝুমুরকে গভীরভাবে রেখাপাত করে।

দেখতে দেখতে চার বছর কেটে গেল। আর দুই বছর ইন্টারশিপ সহ কাটাতে পারলে সংসারে মন দেওয়া যাবে। আরও সাত পাঁচ ভাবতে থাকে রাতুল।

চার ভাইয়ের পর ঝুমুর। বাবা মাল্টিনেশনাল কোম্পানির ম্যানেজিং ডিরেক্টর। শুধু মেঝে ভাই বাড়ি থাকে। বাকিরা কর্মসূত্রে বাইরে। মা শ্রীরাধা গানের শিল্পী। ঝুমুরও আধুনিক গানে খুব অল্প বয়সে বেশ খ্যাতি ছড়িয়ে পড়েছে। বাড়িতে একমাত্র মেয়ে আদর ভালোবাসায় বেড়ে ওঠে।

রাতুলের মাসি, বিনাতা দেবী যখন বিয়ের সম্বন্ধ নিয়ে আসে, সে সময় শশীকান্তবাবু পথ দুর্ঘটনায় সোনাইপুর মহকুমা হাসপাতালের ভর্তি ছিল। ঝুমুরের পছন্দকে সর্বাগ্রে মান্যতা দিয়ে তিনি হাসপাতালের বেডে শুয়েই উকিল ডেকে রাতুলের সাথে মেয়েকে রেজিস্ট্রেশন পেপারে সহি করে বিবাহ দিয়েছিল।

ইউক্রেনে ছুটির সময় রাতুল নীপাড় নদীর তীরে যেত। ঝুমুরকে নিয়ে নানা কাহিনীর জাল বুনে যেত একমনে। কখনও জলরাশির উচ্চল ঢেউ, কখনও পশু-পাখির ছবি ক্যামেরায় বন্দী করে ঝুমুরের মোবাইলে পাঠিয়ে দিত।

ঝুমুর কখনও ইউক্রেনে আসে নি। তবে রাতুলের পাঠানো ছবি থেকেই ইউক্রেনকে অনেকটা আপন করে নিয়েছিল। ছবিগুলো সব যত্ন করে বেঁধে রাখত। আশ্চর্যের বিষয় হল এমন ছবির সংখ্যা প্রায় সাড়ে চার হাজার।

রাতুল ছাড়া ঝুমুর অন্য কিছু ভাবে না। রাতুল তার প্রাণের মানুষ।

ক্লাস চলাকালীন মোবাইল নিষিদ্ধ। সারাদিন ক্লাস করার পর রাতুল সূচী মেনে ঝুমুরের সাথে প্রত্যহ কথা বলে। তার শরীরের খোজ নেয়। খাওয়া-দাওয়া নিয়ে সজাগ করে দেয়।

ঝুমুরের সাথে কথা না হলে রাতুলের মন খারাপ থাকে। রাতে ঠিকমত ঘুমোতে পারে না।

ভেবে ভেবে নিঃশ্বাসে রাত পার হয়। আগামী দুবছরের মধ্যে ইন্টারশিপ চালু হবে। ঝুমুর কে তখন পাকাপাকিভাবে ইউক্রেনে নিয়ে আসবে। ছাত্রাবাস ছেড়ে ভাড়া বাড়িতে উঠবে। ঝুমুরও সেদিনের অপেক্ষায় চাতক হয়ে দিন গুনে চলে।

ফোনালাপে তাদের মধ্যে খুনসুটি, ঝগড়া এসব নতুন কিছু বিষয় নয়। একবার রাতুল খুব রেগে ফোন কেটে দেয়। ঝুমুর সাথে সাথে ওয়াটসআপে তার পছন্দের গান,” এ জমিন রুখ জায়ে---আসমান বুক জায়ে তেরা চেহারা যব নজর আয়ে” পাঠিয়ে দিত। ঝুমুরের কণ্ঠে সে গান শোনাযাত্র কল ব্যাক করত। আমার ভুল হয়ে গেছে লক্ষীটি, আর কখনও হবে না।

২০২১ জানুয়ারির প্রথম সপ্তাহে রাতুল ছুটি কাটিয়ে ইউক্রেনের উদ্দেশ্যে রওনা দেয়। রাতুলের বাবা, মা এবং ঝুমুর বিবেকানন্দ ইয়ারপোর্টে তাকে পৌঁছে দিতে আসে।

ভারতীয় দুপুর আড়াইটার সময় ফ্লাইট ছাড়বার কথা হলেও যান্ত্রিক গোলোযোগে একঘন্টা লেট। শীততাপ নিয়ন্ত্রিত ওয়েটিং রুমে একইভাবে বসে থাকতে বিরক্ত হয়ে পড়ে।

ঝুমুর খুব খুশি। রাতুল অবাক। আমি চলে যাচ্ছি আর ঝুমুর আনন্দে ঢলে পড়ছে। বিষয়টি রাতুলকে ভাবিয়ে তুলল। মনে মনে সে ব্যথা পেল।

অবশেষে রাতুল বলেই ফেলল, তোমার এতো আনন্দের কী আছে!

কেন? কান্না করব?

রাতুল ভেবেছিল যে যাওয়ার মুহূর্তে ঝুমুর কষ্ট পাবে। মন তার জন্য ভারাক্রান্ত হবে। অথচ উল্টো ছবি!

বোকা বৃদ্ধ কোথাকার!

তুমি কবে চলাক হবে?

সহসা বাম হাতে হ্যাঁচকা টেনে রাতুলের মায়াবী চোখে চোখ রেখে কানে বলল, জ্ঞানটা কখন হবে? সোস্যাল ম্যারেজের পর?

রাতুলের কানে মুখ লাগিয়ে ঝুমুর ফিসফিস করে বলে, এই ফ্লাইট লেট না করলে এতোটা সময় কী কাছে পেতাম? বুদ্ধু আমার!

ওহ, সত্যিই তো! অবাক নয়নে ঝুমুরের পানে তাকিয়ে থাকে রাতুল। চিবুক ছুঁয়ে নেমে আসা চুলের শোভা তাকে আচ্ছন্ন করে। এরপর তাকে প্লেনে উঠিয়ে দিয়ে তারা ঘরে ফিরে আসে।

মোবাইলের অ্যাটসআপে নজর পড়তেই রাতুল ঘেমে যেতে লাগল। চোখ-মুখ টেনশনে লাল হয়ে উঠল। ফ্লাইট ছাড়া চার ঘন্টাও হয়নি। পাশের আসনে বাঙালি যাত্রীর সৌজন্য ব্যবহারে সে কিছুটা স্বস্তিবোধ করল।

ঝুমুর মেসেজে লিখেছে, “তুমি দুশ্চিন্তা করো না, তোমার স্যারের সমস্ত পারোলৌকিক ক্রিয়া আমি শ্রদ্ধার সাথে সম্পন্ন করব, তুমি নিজের উপর নিয়ন্ত্রণ রাখো।“

আড়াই ঘন্টার মধ্যে ফ্লাইট কিয়েভের মাটি ছুঁবে। ভেতরের কষ্ট চেপে রেখে তার প্র্যাক্টিক্যালের কিছু জিনিসপত্র, ঘরে নিত্য প্রয়োজনীয় সামগ্রির তালিকা তৈরি করে নিল। তবে সবকিছুর শীর্ষে ছিল নেমেই ঝুমুরকে ফোন করা। দেশে ঝুমুর তার একমাত্র ভরসার মানুষ।

রাতুল নিমাই স্যারের এভাবে চলে যাওয়া মেনে নিতে পারছিল না। ঝরে পড়া শিউলির মতই চারপাশ কেমন যেন ম্যাড়ম্যাড়া লাগত। এই শূন্যতা রাতুলকে ভীষণ কষ্ট দেয়।

মানুষ চিরকাল পৃথিবীতে থাকে না বন্ধু। এই সরল কথাটি মেনে নিতে হবে। তাছাড়া একজন হবু চিকিৎসক হয়ে এমন আচরণ মোটেও ঠিক নয়। ছাত্রাবাসের কার্টেনের কথাগুলি সত্যি বলে মেনে নিলেও রাতুল স্বস্তি পায় না।

ইতিমধ্যে খুব দ্রুততার সাথে ইউক্রেনের পরিচিত ছবি বদলাতে শুরু করল। হঠাৎ করে যেন কিয়েভের আকাশে কালবৈশাখীর ঘনঘটা। মানুষ ঘোরতর আতঙ্কে

রয়েছে। মৃত্যুভয় সকলকে তাড়িত করে চলেছে। এক অস্থির দমবন্ধ অবস্থা, কখন কী হয়!

মাত্র কুড়িদিনের মধ্যে দেখা দিল ভয়ঙ্কর লড়াই। রুশবাহিনী চারদিক থেকে ঘিরে নিয়েছে ইউক্রেন। প্রায় ষাট কিলোমিটার দীর্ঘ পথ জুড়ে রুশ বাহিনী এগিয়ে আসছে কিয়েভ লক্ষ্য করে।

যুদ্ধাস্ত্রের সাঁজোয়া গাড়ি থেকে ঘন ঘন গোলা আছড়ে পড়ছে। কিয়েভের বহুতল বাড়ি, সরকারি অফিস নিমেষে খেলনার মত মাটির সাথে মিলিয়ে যাচ্ছে।

আকাশ জুড়ে যুদ্ধ বিমানে ছয়লাপ। বৃষ্টির মত শেল পড়ছে কিয়েভের মাটিতে।

কালো ধোঁয়ার কুন্ডলী ভেত করে মানুষ জ্ঞানশূন্য হয়ে দিকবিদিক ছুটছে। ধ্বংস স্তূপ থেকে আর্তনাদ ভেসে আসছে। মৃত্যুর সম্মুখে মানুষ প্রাণ রক্ষার জন্য মুমূর্ষ কান্নার মর্মর ধ্বনি। চারিদিক ধ্বংসের ভয়াবহ যজ্ঞে মানুষ অসহায়। বহু বিদেশী ইউক্রেন ছেড়ে নিরাপদে ঘরে ফিরতে মরিয়া। ইউক্রেনের সীমানা বরাবর রুশ বাহিনী অস্ত্র তাক করে দাড়িয়ে আছে।

ট্রেনে জায়গা নেই। তবু মানুষ প্রাণ বাঁচানোর তাগিদে বগির বাইরে লোহার দন্ড ধরে বাঁদুর ঝুলে রওনা দিয়েছে। দুকিলোমিটার পথ যেতেই অনেকে ক্লান্ত মাটির ঢেলার মত ছিটকে পড়ছে।

তিন বছর বয়সের শিশু পিঠে বেঁধে এক মা সহ চার সঙ্গী স্টেশন লক্ষ্য করে ছুটছে। রাতুলও একই উদ্দেশ্যে এগিয়ে যাচ্ছে। আতঙ্কিত মুহু মুহু চোখ দেখে মনে হল প্রতিবেশী দেশ লিথুয়ানিয়ার। রাতুলের থেকে মাত্র পাঁচ মিটার ব্যবধানে তারা ছিল। অকস্মাৎ শেলের আঘাতে উড়ে গেল তাদের শরীরের ছিন্ন ভিন্ন হাড় মাংস। আগুনের আঁচ বেশ কিছুটা ঝলসে দিল রাতুলের ডান পাশ।

আর অর্ধ কিলোমিটার পথ গেলেই স্বস্তি। তারপরই ট্রেনে চেপে কিয়েভে ছাড়ার সুবর্ণ সুযোগ মিলবে। হঠাৎ ঝুমুরের কলে ফোনের রিংটন শুনে রাতুল চমকে ওঠে।

যেখানে শুধু ভয়ঙ্কর গোলা, শেল, লঞ্চারের তীব্র আওয়াজ, সেখানে ভালোবাসার কণ্ঠধ্বনি কিভাবে আশা করা যায়।

তুমি ঠিক আছ? ঝুমুরের সেই ভরসার কণ্ঠস্বর তার সে মুহূর্তে একমাত্র সঙ্গী। রাতুল উত্তরে বলল, আমি এখনও বেঁচে আছি। এরপর আর কথা হয়নি। সমগ্র কিয়েভ জুড়ে ইন্টারনেট পরিষেবা বন্ধ হয়ে যায়। ডানপাশে দুশো মিটার দূরেই স্ট্রেইট মার্কেট। কাতারে কাতারে মানুষ ভীড় করছে। কী করছে সুস্পষ্ট নয়। রাতুল এবার সেদিক এগিয়ে যেতেই দেখতে পেল একটি অর্ধপূর্ণ জলের বোতল পথের উপড়। কারো হয়ত অজান্তে পরে গেছে। বোতলটা তুলে নিল। পাশে রাস্তার ওপর থপ করে বসে কোনরকম জল খেল। গতদুদিন পর এই প্রথম পেটে যদি কিছু যায়, এই জল।

মার্কেটের নীচে সুরঙ্গে ঘর আছে। ভীড় ঠেলে কেউ কেউ সেখানে নিরাপদ আশ্রয়ের আশায় ঠেলাঠেলি করে ঢুকতে চাইছে। আবার অনেকে জনসমুদ্র অতিক্রম করতে না পেরে হতাশ হয়ে ফিরে আসছে।

রাতুল চেষ্টা করল। কিন্তু ব্যর্থ হল। কী হবে এখন? উপায়! ক্রমে নিশ্বাস ভারী হতে লাগল। এমন সময় হঠাৎ মনে পড়ে গেল তার স্যারের দেওয়া আশীর্বাদ কবজ। রাম-সীতার কয়েন পকেট থেকে বের করে প্রণাম করে আবার পকেটে রেখে দিল। মনে মনে বলল, এখন তুমি আমার একমাত্র রক্ষাকর্তা।

অজান্তে পরপর কয়েকটি শেল আছড়ে পড়ল আমার সনুখ। পিঁপড়ের মত লুটিয়ে পড়ল। ক্ষতবিক্ষত, বালসে যাওয়া অসংখ্য দেহ মৃত্যু যন্ত্রণায় ছটফট করছে। চাপচাপ রক্ত। চামড়া পোড়া গন্ধ। রাতুল যেন জীবিত থেকেও এসব দেখে মৃত। শরীরে বিন্দুমাত্র বল নেই। নিজের মৃত্যুর প্রহর গুনছে।

এরপর কী ঘটল, রাতুলের জানা নেই। হাসপাতালের বেড রক্ত ক্ষরণে ভেসে যাচ্ছে। এ নেগেটিভ রক্ত অন্তত দু-লিটার রক্ত সত্ত্বর দরকার। হাসপাতালে রক্ত নেই।

আসলে সেই রাম-সীতার কয়েনে গুলি লেগে পাশ কাটিয়ে তা হাঁটু ভেদ করে বেরিয়ে যায়। আশ্চর্যের বিষয় প্রতিটি গুলি আশীর্বাদ কয়েনে লেগে লো-ডাউন হয়ে হাঁটু ভেদ করে বেরিয়ে যায়।

মাত্র ছয়ঘন্টার মধ্যে সকল প্রচেষ্টার সমাপ্তি ঘটল। রক্তের অভাবে রাতুলকে বাঁচানো গেল না।

ইতিমধ্যে ভারতীয় দূতাবাস মারফত রাতুল এবং ঝুমুরের পরিবার সব জেনে গেছে। সন্তান হারিয়ে আর্তনাদ করে কাঁদছে, আর ঘন ঘন সংজ্ঞাহীন হয়ে পড়ছে।

এদিকে ঝুমুর নির্বাক হয়ে ফ্যাল ফ্যাল করে চেয়ে থাকে রাতুলের ছবিগুলোর পানে।

ঝুমুর কারো সঙ্গে ঠিকমত কথা বলে না। দিনে দিনে খাওয়া, স্নান সব ছেড়ে দিচ্ছে। শ্রীরাধা বুঝিয়ে সুঝিয়ে তাকে স্নান করিয়ে, কোনরকম ভাত মেখে তুলে খাওয়ায়।

বছর খানেক চিকিৎসা চলার পর ঝুমুর এখন অনেকটা সুস্থ।

দিদি?

শ্রীরাধা মুখ তুলে তাকাতেই দেখল ছোটভাই রাজেন। তুই!

হ্যাঁ দিদি, আমি।

ভেতরে আয়, বস।

দিদি! বলছি একটা ভালো ছেলের খোঁজ পেয়েছি। সুদর্শন মহাবিদ্যালয়ের ইতিহাস বিষয়ের অধ্যাপক। আমাদের ঝুমুরের সাথে যদি—

ভাইকে এক গ্লাস শরবৎ দিয়ে ঝুমুরের বাবাকে কথাগুলি সব জানাল।

মেঝে ছেলে বলল, যে বিয়ে করবে তার তো আগে মতামত নেওয়া দরকার।

ঝুমুর সব শোনার পর সকলের সন্মুখে তার অসম্মতীর কথা স্পষ্ট করে জানাল।

ঝুমুরের বয়স এখন চল্লিশ বছর। সারাদিন তার গানের স্কুল নিয়ে ব্যস্ত থাকে। সে নতুন করে আর কোন সম্পর্কে জড়াতে চায় না।

বাবা শশীকান্ত বাবু বলে, এভাবে তোর জীবন চলতে পারে না ঝুমুর! তাছাড়া তোমার বাবা-মা চিরকাল থাকবে না। তখন কী হবে?

বাবা! আমি একা নই রাতুল আমার সাথেই আছে। রাতুলকে ছেড়ে আবার একজন স্বামী! না! না, আমার দরকার নেই।

শ্রীরাধা খুব উদ্বিগ্ন হয়ে পড়ল। মেয়ের মানসিক সমস্যার রোগ বৃদ্ধি পুনরায় ফিরে এসেছে।

রাজেন ফিরে যাওয়ার সময় একা একা বলতে থাকে, "ভাঙ্গী আমার অনেক পড়াশোনা করেও বোকা থেকে গেল। নইলে এমন পাত্র কেউ হাতছাড়া করে?"

পরদিন সকাল সাড়ে এগারোয় শ্রীরাধার ফোন পেয়ে ডাক্তারবাবু ঝুমুরকে চিকিৎসা করার জন্য চলে আসে। ডাক্তারবাবুকে দেখে ঝুমুর অবাক হয়ে গেল। প্রথমে সে ভেবেছিল বাবার জন্য। হয়ত সুগার বেড়ে গেছে। কিন্তু কয়েক মিনিটের ব্যবধানে সে সব বুঝতে পারল। এরপর ডাক্তারবাবুকে ফিরিয়ে দেয়।

ঝুমুর যে গানের স্কুল গড়ে তুলেছিল তার নাম 'রাতুল কঠ'। 'বিদ্যালয়ের প্রধান ফটকের সন্মুখে রাতুলের একটি বিরাট আবক্ষমূর্তি স্থাপন করা হয়। তাঁর রাতুল, বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থী সকলের মধ্য দিয়ে জীবিত আছে।

রাতুলের দৈনিক অনুপস্থিত এখন ঝুমুর কে পীড়া দেয়না। ঝুমুর মনে মনে বলে, ভালোবাসার মৃত্যু হয়না। রাতুলের নশ্বর দেহ না থাকলেও তাঁর ভালোবাসা বেঁচে আছে আপন হৃদয়ে। ঝুমুরও বেঁচে আছে রাতুলের স্নেহ জড়িয়ে। ধীরে ধীরে ভালোবাসার ঘনত্ব যতই বৃদ্ধি পায়, ততই ঝুমুর হয়ে ওঠে আত্মনির্ভরশীল।

গল্প

রবির আলো

মহয়া মিত্র

(গল্পকার)

প্রথম পর্ব

“সে যে চলে গেল বলে গেল না,
বসন্তের বাতাসটুকুর মত”।

ভেতর থেকে ধুপধাপ করে বেরিয়ে এসে মেয়ের পিঠে দুমদাম কিল মেরে হাত ধরে হিড়হিড় করে টানতে টানতে ঘরে ঢুকল অনিলা। মেয়ে তার মোটেও খুকিটি নয়, সে ষোলো বছরের কমলিনী।

আশ্বিন মাস। পূজো আসতে আর দিন দশেক বাকি। আহিরীটোলা ঘাটের থেকে একটা সরু পায়ে চলা রাস্তা আছে যার দুই পাশে বিরাট বিরাট সব বাড়ি। সেখানেই এক তিন মহলা বাড়ির মালিক শ্রী সতীনাথ বন্দ্যোপাধ্যায় শ্বেত পাথরের কারবার করে একেবারে ফুলে ফেঁপে কলাগাছ। সতীনাথবাবু ও তার স্ত্রী অনিলার পাঁচ পুত্র ও ঐ একটি মাত্র কন্যা, বাপের প্রাণ কমলিনী।

কমলিনী শুধু যে শিক্ষিতা, তাই নয়, রীতিমতো ইংরেজি লিখতে ও পড়তে জানা মেয়ে। তীব্র সুন্দরী। তবে গৃহকাজ বা পাকশালের চেয়ে দাদাদের তৈরি লাইব্রেরিতে সময় কাটাতে বেশি পছন্দ করে। এছাড়া আছে সকাল সন্ধ্যে সেতার, হারমোনিয়াম সহযোগে রেওয়াজ। বড়ো খাসা গানের গলা, একেবারে মধুস্করা, বিশেষ করে রবি ঠাকুরের গান যেন ওর কণ্ঠে এক আলাদা মাত্রা যোগ করে। আর ঐটিই হল যত নষ্টের গোড়া।

মেয়ে মানুষ, কোথায় রান্না বান্না শিখবে, সেলাই ফোরাই শিখবে, পূজো আচ্ছা করবে তা না, দিবা রাত্রি শুধু বই পড়া আর যখন তখন গান করা। মেয়ের এ আচরণ অসহ্য লাগে অনিলার। মেরে বকে ঘাড়ে ধরে যাও বা কটা রান্না শিখিয়েছে কিন্তু বাকী সবেৰ ধার কাছ দিয়েও যায় না কমলিনী। এত বয়স হল, এখনো পাত্রস্থ করা গেল না, চিন্তায় রাতে ঘুম হয় না অনিলার। তার ওপর এহেন অনাসৃষ্টি কাণ্ড।

সতীনাথবাবুর বাড়ি খুব ধুমধাম করে দুর্গা পূজো হয়। উঠোনের এক পাশে জোর কদমে চলছে প্রতিমা তৈরির কাজ। সেখানে মৃৎশিল্পী ও তার সাগরেদের ভিড়। আর তার পাশেই কি না বসে মেয়ে গান করছে? হাজার হোক ওরা পরপুরুষ। অবিবাহিতা মেয়ের এ কি শোভা পায়?

কপালের দোষ দিতে দিতে চলেছে অনিলা, -- “সব আমার কপালের দোষ নইলে এত বড়ো আইবুড়ো মেয়ে ঘাড়ে নিয়ে থাকতে হয়? বলি তোঁর বয়সের মেয়েরা সব কাচ্চাবাচ্চা নিয়ে স্বামীর ঘর করছে। আর উনি গান গেয়ে বেড়াচ্ছেন? একেই বিয়ে থা হচ্ছে না তায় সন্ধ্যা সন্ধ্যা বার উঠোনে বসে গলা ছেড়ে গান করছেন। কাজ না থাকে তো আমার হাতে হাতে সাহায্য করলেও তো পারিস। সংসারের জোয়াল টানতে টানতে শেষ হয়ে গেলাম আর উনি গান করছেন, হুঁ”। বলে একটা ঘরে মেয়েকে ঢুকিয়ে বাইরে থেকে ছিটকিনি টেনে ঘরে এসে গুম হয়ে বসল অনিলা।

খানিক বাদে সতীনাথবাবু ঘরে এসে স্ত্রীকে ওভাবে দেখে প্রমাদ গুলেন, -- “কি হয়েছে গিন্নি, শরীর খারাপ”?

ঝাঁঝিয়ে উঠল অনিলা, -- “হয়েছে আমার মাথা আর আপনার মুণ্ডু। এই মেয়ে নিয়ে জ্বলে পুড়ে মরলুম”। বলে সব ঘটনা খুলে বলে অনিলা কাঁদোকাঁদো হয়ে বলল, -- “একেই বিয়ে হচ্ছে না, এমন করলে আর হবে বলুন দেখি”?

-- “ও তো রবি ঠাকুরের গান গিন্নি, ও যে ঈশ্বর সাধনা”।

-- “রাখুন আপনার ঈশ্বর সাধনা। বলি ঠাকুর দেবতা কি কম পড়েছে যে ঐ রবি ঠাকুরের গান করতে হবে? না হলে বলুন দেখি কোন দিকে কমতি আছে আমাদের মেয়ের? যত কাল হল ঐ গান। যত বার সম্বন্ধ এসেছে পইপই করে বলেছি ওরে মুখ বন্ধ রাখ, পাত্র পক্ষ যা জিগ্যেস করবে মাথা নেড়ে উত্তর দে, ভুলেও গানের কথা আনিস না। তা না, সবার সামনে বলে বসল আমি সঙ্গীত চর্চা করতে পছন্দ করি আর আমি গান ছাড়া বাঁচবো না। ব্যাস, হয়ে গেল। ওরা বাড়ির বৌ নিতে এসেছিল। এভাবে মেয়ের মুখে কটকটে কথা শুনে সব পগার পার। থাকো মেয়ে নিয়ে বসে”।

-- “তা বলে মেয়ের পছন্দ লুকিয়ে বিয়ে দেব” ?

-- “দরকার পড়লে দেবেন”।

-- “না, আমি তা পারব না। আমার মেয়ে গান ছাড়া বাঁচবে না আর এটা মেনে যারা ওকে বৌ করতে রাজি হবে তাদের ঘরেই যাবে আমার মেয়ে”।

-- “এই তবে আপনার শেষ কথা”?

-- “হুম”।

-- “থাকুন তবে আইবুড়ো মেয়ে ঘাড়ে নিয়ে”।

-- “প্রয়োজনে তাই থাকবো”। বলে সতীনাথবাবু ঘর থেকে বেরিয়ে গেলেন। অনিলা গৌঁজ হয়ে বসে রইল।

সেদিন রাতে খোলা ছাদে বসে ছিলেন সতীনাথবাবু। কমলিনী গিয়ে ওনার গায়ে চাদর চাপিয়ে বলল, -- “নীচে চলুন বাবা, হিম পড়ছে, বেশী সময়ে এখানে থাকলে অসুখ করবে”।

সতীনাথবাবু মেয়ের হাত ধরে বললেন, -- “মায়ের কথায় বড্ড আঘাত পাস, না রে মা”?

কমলিনী বাবার পায়ের কাছে বসে বলল, -- “আমি আপনাদের বোঝা হয়ে যাচ্ছি, তাই না বাবা” ?

সতীনাথবাবু মেয়ের মাথায় হাত রেখে বললেন, -- “ছিঃ মা, এসব কথা মনেও আনবি না” ।

-- “আমি আর গান করবো না ঠিক করেছি। “ধরা গলায় বলল কমলিনী” ।

-- “তাহলে তুই তোর বাপের মরা মুখ দেখবি। ধর্ দেখি একখানা গান, মনটা জুড়িয়ে যাক” ।

খোলা আকাশের দিকে তাকিয়ে কমলিনী শুরু করল,

“আকাশ ভরা সূর্য তারা

বিশ্ব ভরা প্রাণ”

চকিতে সতীনাথবাবুর মনে পড়ে গেল ঠিক এক বছর আগে কবি যেদিন অমৃত ধামে গমন করলেন , সেই খবর শুনে তুমুল বৃষ্টির মধ্যে ছাদে উঠে কমলিনী গান দিয়ে কবিকে শেষ শ্রদ্ধা নিবেদন করেছিল,

“আমার মাথা নত করে দাও হে তোমার চরণ ধূলার তলে”

সেই মেয়ের গান বন্ধ করা মানে মৃত্যু মুখে ঠেলে দেওয়া ।

দ্বিতীয় পর্ব

বাগবাজারের চক্রবর্তী বাড়িতে পূজোর বাজার করে এনেছে বাড়ির ছোট ছেলে, পেশায় ডাক্তার, অবিনাশ চক্রবর্তী। তাকে ঘিরে বসেছে বৌদিদির দল, চলছে রঙ্গ রসিকতা। অবিনাশের মাও সেখানে উপস্থিত। এক বৌ দেওরের থেকে উপহার পেয়ে বলল, -- “আমাদের জন্য তো এত সুন্দর সুন্দর শাড়ি আনলে ঠাকুরপো, তা বৌ এলেও কি আমাদের জন্য এমন উপহার আনবে”?

মুখে পান পুড়ে মা বললেন, -- “আর বৌ ! কত মেয়ে আনলুম, অবুর পছন্দ হলে তো? এই কামিনী দাসী আটখানা ছেলের বৌ একাই জোগার করেছে। এই ছোট ছেলের বেলাতেই বসে গেল। না হলে সব মেয়েদের বাপ হত্যে দিয়ে পড়ে আছে কামিনী দাসীর ছোট ছেলেকে জামাই করতে”।

-- “তোমাকে তো আগেই বলেছি মা, যে এই বাড়ির ছোট বৌ হবে তাকে আমার মত সংস্কৃতি মনষ্ক হতে হবে আর সেটার চর্চা করতে হবে। হুম, তুমি গান জানা মেয়ে এনেছো বটে কিন্তু এরা বিয়ের পর হাতা খুন্তি ধরবে আর গান ভুলে যাবে সে আমি দেখেই বুঝেছি। এমন ধারা মেয়ে চলবে না”।

একটা দীর্ঘশ্বাস ফেলে মা বললেন, -- “কি জানি বাপ সে মেয়ে কোথায় আছে”?

দূর্গা পূজো, লক্ষ্মী পূজো পেরিয়ে গেল। তারপর শহর ভাসল অসময়ের অঝোর বৃষ্টিতে। একদিন দুপুরে ঝিরঝিরে বৃষ্টির মধ্যে রাস্তার ধার ঘেঁষা জানলায় দাঁড়িয়ে আপন মনে কমলিনী গাইছিল,

“মেঘ বলেছে যাবো যাবো,

রাত বলেছে যাই,

সাগর বলে কূল মিলেছে,

আমি তো আর নাই”।

কমলিনী খেয়াল করল না একটা জুড়ি গাড়ি রাস্তা ঘেঁষে একটু দাঁড়িয়ে আবার চলতে লাগলো ।

অন্তিম পর্ব

ক'দিন পর ঝলমলে রোদ উঠেছে। বেশ কয়েক দিন হল অনিলা মেয়ের জন্য কোন সম্বন্ধ জোগার করতে পারে নি, মনটা খারাপ হয়ে আছে। কোনো কাজে মন

নেই । চুপ করে রান্না ঘরে বসে ছিল । এমন সময়ে এক ঝি এসে বলল, -- “গিন্দি মা, বাগবাজার থেকে একজন দেখা করতে এসেছে” ।

-- “কে” ?

-- “আমি গিন্দি মা , প্রণাম” । বলে এক সুবেশা অল্প বয়সী বিবাহিতা তরুণী এসে দাঁড়ালো ।

অচেনা মানুষ দেখে অবাক হয়ে উঠে দাঁড়িয়ে অনিলা বলল, -- “কি দরকার”?

-- “আজ্ঞে, আমি আসছি বাগবাজারের ফটিক চক্রবর্তীর বাড়ি থেকে, আমার নাম কমলা” ।

-- “বাবা, অত ধনী বাড়ি থেকে এই বাড়ির অন্দরে কি করতে বাছা” ?

-- “আপনার মেয়ে কমলিনীর সম্বন্ধ করতে” ।

অনিলা যেন প্রাণ ফিরে পেল । কমলার হাত ধরে সোজা ঘরে নিয়ে এল । সতীনাথবাবু সেখানেই ছিলেন । ওনাকে দেখে কমলা এক গলা ঘোমটা টেনে নমস্কার করে বলল, -- “আমি বাগবাজার অঞ্চলে ঘটকের কাজ করি আজ্ঞে । দিন কতক আগে ওনারা আমাকে খবর দেন যে এই বাড়িতে কোন বিবাহ যোগ্যা মেয়ে আছে কি না জানতে যে রবি ঠাকুরের গান করে । ওনাদের ছোট ছেলে ডাক্তার তার জন্য সম্বন্ধ হিসেবে । এখানে আমার মাসতুতো ননদ থাকে, ওকে এই ব্যাপারে জিজ্ঞেস করতে ও একবারেই আপনার মেয়ের কথা বলে দিল কর্তাবাবু । এখন আমি ওনাদের হয়ে বিয়ের প্রস্তাব নিয়ে এসেছি । যদি আপনি রাজি হন তাহলে আজ বিকেলে ওনারা এসে কথা পাকা করবেন” ।

-- “আমার মেয়ে কিন্তু ষোলো বছরের আর গান ... “অনিলাকে থামিয়ে কমলা বলল, -- “জানি গিন্দি মা, সব জানি । বয়স নিয়ে ওদের মাথা ব্যাথা নেই । আর গান শুনেই তো এত ঘটনা” ।

-- মানে?

মুচকি হেসে কমলা বলল, -- “পাত্র অবিনাশ একদিন বৃষ্টিতে এ পথ দিয়ে গাড়ি করে যাচ্ছিল, তখনই আপনার মেয়ের গান শোনে। ব্যাস, শুরু হল খোঁজ খবর। অবিনাশ আমাদের গান বাজনা চর্চা করে, এসবের কদর বোঝে। আপনাদের মেয়ে গান করতে পারবে ও বাড়ি গিয়ে। এখন আপনারা যদি রাজি হন তো বলুন ওনাদের নিয়ে বিকেলে আসি” ?

সতীনাথবাবু কিছু বলার আগেই অনিলা বলে উঠল, -- “রাজী রাজী খুব রাজী। ওনাদের নিয়ে এসো, আমরা তৈরি থাকবো। এখন চলো বাছা, মিষ্টি মুখ করবে”।

ওরা ঘর থেকে চলে গেল। সতীনাথবাবু জানলার পাশে এসে দাঁড়ালেন। এবার হয়তো সত্যিই সময় হল মেয়েকে গোত্রান্তর করার। কিন্তু এই ভেবে আশ্চর্য হলেন যে মেয়ের বিয়ের মূলে রবি ঠাকুর। কমলিনীর মননে এভাবেই রবিরশ্মি জাগ্রত থাক এই কামনা করলেন অন্তর্যামী হৃদয় দেবতার কাছে।



BOOK REVIEW

Kunal Roy

(Assitant Professor, Department of English Language and Communication, George Group of Colleges, Kolkata)

Name of the Book: **the ten hands of a fuchka seller** (haiku and senryu). Name of the author: Daipayan Nair: Publication House: Penprints: ISBN: 978-81-974036-2-0: INR 300: First Edition: 2024.

+++++

He is elegant. He is gracious. He is pertinent about his thoughts. He knows pretty well how to play with words to cater a complete picture to the audience. He is none other than Daipayan Nair, who has adroitly dealt with a completely different genre of poetry. Unfortunately, the poets of the contemporary age do not touch the subjects of Haiku and Senryu. They are more governed by the longish poems which at times are not limpid enough to fathom the essence of the context. However, Nair has done justice to his genre to evoke curiosity in the readers.

When we talk on Poetry, we are usually reminded of the dense stuff fused with allegory, litotes and other figures of speech. But Haiku and Senryu are the most shortest form of poetry, which if taken care of, can win the heart of millions. Simple yet symbolic. Short yet intense. And able to connect the tender souls without making any such " Uphill" journey! In our country, the poems of such a genre are not frequently seen or read and this is the reason the poet of this collection decided to treat a different kettle of fish to exhume the abundance ensconced in such fragmentary pieces.

Nair's " the ten hands of a fuchka seller" is imbued with symbolic overtones. The picture of the book is suggestive of the truth how a metaphor can magnify the image of a poor individual like fuchka seller. Ten hands also glorify the image of the Goddess. This intricate connection between the two deserves a special mention, leaving no room for doubt!

“graffiti art
an old beggar pees
on revolution”.

Revolution is a heart and soul investment to bring reformation in the society. The tradition of writing on the wall. Yet an old beggar urinates on the stuff, making it blur and soiled. The reason is obvious. It doesn't bear any importance to him as no change would take place in his life and style. There is a sense of political clout in these simple lines indeed!

“shaking a jar
of roasted raw mangoes
grandma's noon”.

The eldest of a family never lives an idyllic life and the poet has shown how she keeps herself busy like a bee to prepare a special dish of pickle, when others have naively drifted into a deep slumber. The poet's observation deserves eulogy from his admirers.

And you can find how a corner of a busy and beautiful city like Kolkata is utterly important for a fuchka seller to eke out his living. Hemmed in by thousands of hungry souls, he never sells out his patience and endurance. With immaculate perfection he does his job and leaves a smile on the lips! Again " between / the city buses/ her face - the expressions attempt to draw the heed of those who desire to discover a beautiful visage amid the multitude! And once the vision seizes the glimpse of her silky texture, the heart pounds and desires to have in arms. A nexus of emotions work!

hot jalebis /ammi's Eid greetings/ soak the syrup celebrate the essence of the festival. Distributing sweets and gifts not only fosters the bond but also unlocks the doors and windows of radiance and delight . The lines explore the poet's inner realm draped with friendliness, with no scope of animosity to creep in! Lines like scattered fish bones/ a young waiter gathers/ his thoughts enrich us with the mode of comparison. The thin fish bones and the amassing of thoughts - sharp and swift to combat any situation coming to the fore!

The poet is endowed with an extraordinary talent and potential. Delving into myriad subjects, he has proved that he literally stands out of the clutter! He has shown how the burning passion of a food vlogger ignores the market syntax and reaches out to the vendor! Pretty funny when the poet utters that his in law improvises him with some extra white, boiled grains and asks him to consume comfortably - as if an entreat from her to satisfy her soul! Moreover, there are certain lines like " pulling a new prank/ puddle splash, " chewing a paan / from different angles" , " school bus / innocence stares from the window bear a robust testimony to the diversity of his thoughts! " mid - March/ my touch adds colour to her cheeks" - speak of love and camaraderie of the poet.

At certain occurrences, the poet sounds practical, faraway from the make - believe world he loves to conjure up time and again.

“raining petals
the street sweeper stretches
her spine”

- show how the beauty ends in ashes. A street sweeper does his or her job and there is no option to churn any feeling of romance. The poet has essayed to blend the harsh with the softness, the real with the unreal! The poet gets closer to his beloved as he says " Kolkata Biryani/ she leaves her memory / on my tongue". Tongue plays a crucial role in the entire gamut of love making chemistry. The closed eyes, the lip lock and the dipping of toes in the warm pool of pleasure are beyond any apt epithet! However, the contrast lies when this unique preparation overpowers the poet's intimate moments with his beloved! " red blouse/ a safety pin between/ her lips " conjure up an erotic image. She tries to put on the blouse to look more fascinating in her chubby breast!

Abundance of ideas. A brook of thoughts and an urge to remain fidel to such emerging notions. The flowers blossom and the beloved' s poem sits on his lips. How tender the feeling is! How colourful the image is! How metaphorical the application is ! At a conjunction, the poet

confesses how he was engrossed with her thoughts and began to count the stars. There is a silent message which runs beneath the

current - perhaps he forgot the moon. An intermingling fettle of love, loneliness and Languishment. Yet the poet needs to travel a little like the falling of a white shiuli from a tender twig!

There are aplenty poems revolving around the themes of an evening soiree, tempest in the coffee mugs over heated political and apolitical debates, innocence in consuming puffed rice by the dear grandma, monsoon nights where a desire crops up to approach, embrace and love and many more!

Exquisitely elegant style and diction. A book of nearly hundred pages. Thousands of images, shades and subtleties abound the work. Brevity of expressions and a soulful rendition encourage an avid reader to finish the book in a single sitting!

" Go and Catch A Falling star" by Donne is a brilliant poem, containing an allegorical significance. Yet there is a similarity - just run or make a brisk walk to grab a copy before it is too late!!

- Kunal Roy

(Assistant Professor, Department of English Language and Communication, George Group of Colleges, Kolkata)

Reviewer bio: Being an ardent lover of Literature, Kunal Roy has always shown a profound interest in its various genres. He began his literary journey in his fifth standard. During his graduation, his articles and comments have been published in the the leading newspapers like The Statesman and The Times of India. Currently he is associated with the web portals like Tech Touch Talk, Sobdo Mitali as a seasonal contributor. However, his favourite domains are art, folk, mythology, religion, sociology and anthropology as well. He loves to translate too, in either languages. The awards won by him are Shibani Bose Memorial award from the Ramkrishna Mission Institute of Culture, Golpark, Kolkata, the book prize for the best dissertation from the department of Indology, Ramakrishna Institute of Culture, Golpark,

Kolkata and many more including two national awards in recent times. His works have also been published abroad and here as well. He has contributed to more than forty anthologies (both in English and Bengali). His first book "SHADES" (Kindle Version) was published by the Pen prints Publication, Kolkata. His second book "Confession : An Unfinished Story" by Nirob Aalo Prakashan, Birbhum. "Kali : The Divine Mother" is his third book by Nirob Aalo Prakashan, Birbhum. His fourth book " A Cup of Love (Kindle Version) and the latest one " A Lazy Afternoon " have been published by Nirob Aalo Prokashana, Birhum. His two more books " Fantasy and Reality " and "Upolobdhi" will be released soon. Notably the author's "Kali : The Divine Mother " has been given a five rated status by Amazon and received the nomination for the Golden Book Award, 2024. "Morning Dew " is the first book edited by him and published by Nirob Aalo Prokashana, Birbhum. He writes in English and Bengali as well. He is recognized as a poet and translator too. His research paper has been published in the Indo Bangla project from USA recently. In recent times he is recognised as of the SAARC poets from India. The author lives in Kolkata and is the Assistant Professor of English Language and Communication in George Group of Colleges, Kolkata.

